হোমিও স্টাডি’র

হোমিওপ্যাথিক জার্নাল।

বর্ষ ১ | সংখ্যা ১

সম্পাদক

ডা. শরাবান তহুরা

প্রকাশক
তারিক ইমাম।

প্রথম মুদ্রণ, ডিসেম্বর ২০২৫।

প্রচ্ছদ ও অঙ্গসজ্জা: ডা. সাঈদ আহমদ

মূল্য
দুইশত টাকা মাত্র।

facebook.com/groups/homoeostudy

উৎসর্গ

হোমিওস্টাডির সাথে যুক্ত সবাইকে।

আমাদের কথা

অত্যন্ত আনন্দের কথা এই যে, হোমিও স্টাডির প্রথম জার্নাল প্রকাশিত হলো। আমাদের এই জার্নাল ত্রৈমাসিক হিসেবে প্রকাশিত হবে বলে আপাতত ইচ্ছা। লক্ষ্য হলো, আমাদের ডাক্তার সাহেবদের সফলও ব্যর্থ কেসগুলোকে ডকুমেন্টেশন করতে শুরু করা। ভবিষ্যতে এরকম সফল ও ব্যর্থ কেস আর্কাইভ করার একটা সুনির্দিষ্ট পরিকল্পনা আছে।

এই কেসগুলো দেখার পর আমার একটা বিশেষ অনুভূতি হচ্ছে। সেটা হলো, হোমিওপ্যাথিকে দেখার চিরচেনা দৃষ্টিভঙ্গির পরিবর্তন ঘটছে, অনেক আধুনিক হতে শুরু করেছে আমাদের চিন্তাভাবনা।

ভবিষ্যতে আরও বেশি গবেষণামূলক কাজে হোমিও স্টাডি জড়িত হবে, এরকম পরিকল্পনা আমাদের আছে। আশাকরি আপনারা আমাদের সাথে থাকবেন।

ধন্যবাদান্তে,

ডা. তারিক ইমাম

সংকটাপন্ন দুই মাস বয়সী নবজাতকের জীবনরক্ষায় হোমিওপ্যাথির প্রয়োগ

ডা. অজয় কুমার দাশ

কেস রিপোর্ট

রোগীর পরিচিতি

- **বয়স:** ২ মাস
- **ঠিকানা:** মোরীগাঁও জেলা, আসাম
- **ভর্তি:** PICU বিভাগ
- **হাসপাতালে থাকার সময়কাল:** ৬ এপ্রিল ২০২৪ – ১ মে ২০২৪ (২৮ দিন)

প্রধান অভিযোগ: শ্বাসকষ্ট, পাতলা পায়খানা অক্সিজেন সাপোর্টের প্রয়োজন, দীর্ঘদিন চিকিৎসা নিয়েও উল্লেখযোগ্য উন্নতির অভাব।

কেসের পটভূমি (Background)

শিশুটি জন্মের কিছুদিন পর থেকেই শ্বাসকষ্ট ও পায়খানাজনিত সমস্যা বাড়তে থাকে। ৬ এপ্রিল ২০২৪ PICU-তে ভর্তি করা হয়। এলোপ্যাথি ডাক্তারদের মতে, অজানা ইটিওলজির সিভিয়ার ইনফেকশন। অস্বাভাবিক ইনফ্লামেটরি মার্কার। ক্লিনিক্যালি গুরুতর অবস্থা। কিন্তু কোনো কালচার বা রিপোর্টে ইনফেকশন নিশ্চিত নয়।

এমতাবস্থায় ১ মে ২০২৪,ভিডিও পর্যবেক্ষণ এবং রিপোর্ট বিশ্লেষণ করে রেমেডি নির্বাচন করা হয়।

ল্যাব রিপোর্ট (Investigations)

১) কালচার রিপোর্ট

১) CSF ও Blood Culture রিপোর্ট

তারিখ ও ফলাফল:
08/04/2024 — CSF Culture: No growth
14/04/2024 — Blood Culture: No growth
ব্যাখ্যা: স্পাইনাল ফ্লুইড ও রক্তে **কোনো ব্যাকটেরিয়া বা ভাইরাস শনাক্ত হয়নি**।

২) Complete Blood Count (CBC)

Hb — **8.7 g/dL (**14/04/2024)

WBC — **23,910 /μL (**19/04/2024)

RBC — **2.96 million/μL**
Hb — **7.5 g/dL**
PCV — **28.3%**
WBC — **22,350 /μL (**29/04/2024)

Platelets — **4,53,000 /μL**
Lymphocytes — **44%**

৩) CRP (C-Reactive Protein) — ইনফ্লামেশন মার্কার

তারিখ	CRP (mg/L)	Normal Range
21/04/2024	**26 mg/L**	<10 mg/L
29/04/2024	**69.6 mg/L**	<10 mg/L

ব্যাখ্যা:

CRP অস্বাভাবিকভাবে উচ্চ → দেহে গুরুতর ইনফ্লামেটরি প্রতিক্রিয়া।

৪) PTH (Parathyroid Hormone) 26/04/2024
PTH — 4.31 (স্বাভাবিক)

রিপোর্ট বিশ্লেষণ (Interpretation of Findings)

1) শরীরে গুরুতর ইনফেকশন বা ইনফ্লামেটরি প্রক্রিয়া চলছে, কারণ: CRP অত্যন্ত বেশি; WBC & Platelets উভয়ই বৃদ্ধি; Lymphocyte উচ্চ।
2) কোনো কালচারে প্যাথোজেন পাওয়া যাচ্ছে না। এটিকে আমরা বলি,

"Culture negative sepsis like inflammatory disorder"

3) এলোপ্যাথিক চিকিৎসায় কার্যকর অ্যান্টিবায়োটিক নির্বাচন অসম্ভব। কারণ, কোন ইনফেকশন তা ধরা যাচ্ছে না। অকারণে এন্টিবায়োটিক দিলে বিপরীত ক্ষতি হতে পারে।

4) নবজাতকের ক্লিনিক্যাল ঝুঁকি অত্যন্ত উচ্চ। দীর্ঘমেয়াদি PICU stay. অক্সিজেন নির্ভরতা। বারবার পাতলা পায়খানা। উচ্চ CRP + লিউকোসাইটোসিস। এ অবস্থায় হাসপাতাল থেকে বের করা প্রাণঘাতী হতে পারে। সুতরাং হাসপাতালে রেখেই হোমিও চিকিৎসা চালানো যৌক্তিক সিদ্ধান্ত।

হোমিওপ্যাথিক পর্যবেক্ষণ ও সিদ্ধান্ত (Homeopathic Approach)

রিমোট ক্লিনিক্যাল অ্যাসেসমেন্ট (ভিডিও ফুটেজ) : মা বাবা এবং নার্সদের দৈনন্দিন বিবরণ। শিশুর শ্বাসের ধরণ। কান্নার প্যাটার। ত্বকের রঙ, দুর্বলতা। দুধ গ্রহণ কমে যাওয়া। সারা শরীরে বিষন্নতা।
শিশুর বলার ক্ষমতা নেই, তাই সম্পূর্ণ সেন্সরি ও ভিজ্যুয়াল অ্যাসেসমেন্টই প্রধান ও একমাত্র পর্যবেক্ষণ পদ্ধতি ছিল।

ওষুধ নির্বাচন

ভিডিও পর্যবেক্ষণে দেখা যায়: ICU-তে থাকা সত্ত্বেও শরীরে প্রায় কোনো আবরন নেই। দুটি পায়ের তীব্র ও অস্থির মুভমেন্ট। শ্বাসকষ্ট, পাতলা পায়খানা। রিপোর্টে উল্লেখযোগ্য ইনফ্লামেশন। এই উপসর্গ ও ল্যাব প্যারামিটার বিবেচনায় নির্বাচন করা হয়।

১) **Arsenicum Iodatum 3X** : তীব্র ইনফ্লামেশন; লিউকোসাইটোসিস; দুর্বলতা, শ্বাসকষ্ট; সেপসিস সদৃশ অবস্থা।
২) **Aspidosperma Q**: অক্সিজেন প্রয়োজনীয়তা কমাতে সাহায্য করে। শ্বাসপ্রশ্বাসের কার্যকারিতা বাড়ায়।

ফলাফল (Outcome) : **২৪ ঘণ্টার মধ্যেই** শিশুর শ্বাসপ্রশ্বাসের উন্নতি। ডাক্তার রাউন্ডে এসে উন্নতি দেখে বিস্মিত। **১ দিন পর ICU → জেনারেল ওয়ার্ড। ৪ দিন পর সম্পূর্ণ সুস্থ অবস্থায় ডিসচার্জ।** পরবর্তী ফলো-আপে কোনো নতুন সমস্যা দেখা যায়নি।

আলোচনা

এই কেসটি Culture negative sepsis-এর একটি উদাহরণ। এই ধরনের কেসে অনেক সময় বোঝা যায় না,
ব্যাকটেরিয়া, ভাইরাস, নাকি ইনফ্লামেটরি ডিসঅর্ডার। যেখানে কনভেনশনাল চিকিৎসা ব্যর্থ হয়েছিল।
সেখানে হোমিওপ্যাথি পারসোনালাইজড পর্যবেক্ষণ এবং নিখুঁত সিম্পটম অ্যানালাইসিস জীবনরক্ষাকারী ভূমিকা পালন করেছে।

উপসংহার

যেখানে এলোপ্যাথি অসহায়, হোমিওপ্যাথি সঠিক প্রয়োগে জীবন বাঁচাতে পারে। শিশুটি আজ সুস্থ, স্বাভাবিক এবং নিয়মিত ফলো-আপে রয়েছে। এই কেসটি প্রমাণ করে, **হোমিওপ্যাথি শুধুমাত্র বিকল্প চিকিৎসা নয়, বরং নির্ভরযোগ্য ক্লিনিক্যাল সায়েন্স**।

সালফারের রোগীচিত্র

ডা. মোহা: আশরাফুল হক

রোগীর নামঃ ময়না, বয়স- ১৯ বছর, বিবাহিতা। তারিখ-০৯/০১/২০০৩

সমস্যা: শুধু মাত্র প্রতি শনিবার রাতে বিছানায় প্রস্রাব করে। কিন্তু বাকী ৬ দিন ভালো থাকে। প্রস্রাবে খুব দুর্গন্ধ। এ ছাড়াও ডান পায়ের গোড়ালীতে পুরাতন একজিমা, তাতে গন্ধযুক্ত পুঁজ হয়, রস ঝরে, খুব চুলকায়, ঐ স্থানে পানি লাগলে জ্বালা করে। চুলকাতে খুব মজা লাগে তবে চুলকানোর পরে রক্ত বের হয় ও জ্বালা করে।

মাত্র কিছু দিন আগে বিয়ে হয়েছে। রোগের কথা জানা-জানি ও সংসার ভেঙ্গে যাওয়ার ভয়ে শ্বশুর বাড়ি যেতে পারে না। রোগীর মায়ের অনুরোধ যে কোন মূল্যে রোগ সারাতে ও সংসার টিকাতে হবে। আমরা জানি প্রতি শনিবার বিছানায় প্রস্রাবের কোন ঔষধ নাই। তবে একটা লক্ষণ আমার দৃষ্টি আকর্ষণ করলো। সালফারে ৭দিন পর-পর রোগ ফিরে আসে। তার মানে প্রতি শনিবার হলে, ৭ দিন পর হয়। মনে হলো হিসাব মিলে গেছে। লক্ষ্য করলাম রোগী লম্বা, ফর্সা, সুন্দর, চিকণ স্বাস্থ্য, শরীরের তুলনায় পেট বড়। ঠোঁট লাল টক-টকে। শরীর সুন্দর হলেও মন পরিস্কার নয়।

কোল কুজো টাইপের মানুষ। প্রচুর কথা বলছে, লজ্জা নেই, খোলা-মেলা কথা-বার্তা। চঞ্চল ও কৌতুহলী। গরমে খুব বিরক্ত হলেও শীত কালে নাকি ২/৩ দিন পর-পর স্নান করে। রোগীর মা অকপটে স্বীকার করলো সে প্রচুর মিথ্যা কথা বলে, খুব অহংকারী, সব ব্যাপারে নিজের জেদ বহাল রাখে।

যে কোন কাজের ব্যাপারে বাড়ির সবাইকে হুকুম করে, নিজে কিছু করতে চায় না ফলে বাড়ির সবাই তার উপরে বিরক্ত। সবার উপরে মাতাব্বরি করে। সবার সাথে তর্ক করে। দেখলাম জিহ্বার ডগা লাল টক-টকে। বদ অভ্যাস- খাবার পর মায়ের বা নিজের জামা-কাপড়ে হাত মুছে। দুধ খেলে সহ্য হয় না।

মাঝে-মাঝে বগলের ঘাম, ময়লা নিয়ে শুঁকে। খুব ক্ষুধা, দুপুরে রান্না হওয়ার পূর্বে খাবার জন্য অস্থির হয়ে উঠে। খাদ্য কম খায় কিন্তু পানি বেশী খায়। শনিবার ছাড়া অন্যদিন প্রস্রাব করে না বিধায় বাড়ির সবাই জ্বিনের আসর মনে করে কবিরাজি, ঝাড়-ফুঁক করেছে। ফল না হওয়ায় এ্যালোপ্যাথি চিকিৎসা করেছে। অবশেষে হোমিওপ্যাথিতে এসেছে। সব কিছু বিবেচনা করে সেবনের পর বিছানায় প্রস্রাব আর করে নাই। ১৫ দিলাম- সালফার M/3 শক্তি ৬ দাগ, প্রথম ঔষধ দিনের মধ্যে একজিমা অনেকটা উপশম। ১৫ দিন পর M/4 শক্তি আবার ৬ দাগ দিলাম। তাতেই বিছানায় প্রস্রাব বন্ধ ও একজিমা ৮০ ভাগ সুস্থ। এইভাবে ১৫দিন পর পর M/8 পর্যন্ত প্রয়োগ করি তাতেই সম্পূর্ণ সুস্থ। আর ওষুধ দিতে হয়নি।

একজন মুমূর্ষু শিবলির মুখে হাসি

ডা. ইশরাত হোসেন লিপটন

রোগীর তথ্য

নাম: শিবলি (ছদ্মনাম)

- **বয়স:** ২২ বছর
- **বৈবাহিক জীবন:** ৪ বছর
- **স্বভাব:** শান্ত, সংবেদনশীল, মানসিক চাপে দমে যাওয়া
- **পারিবারিক তথ্য:** স্বামী কর্তৃক মানসিক চাপ; প্রতিবাদহীন স্বভাব

প্রধান সমস্যা

৪ সেপ্টেম্বর ২০১৮, সন্ধ্যা ৭:৩০ : তীব্র শ্বাসকষ্ট। প্রতিবার শ্বাস নেওয়া ও ছাড়ার সময় শরীর দু'দিকে ভাজ হয়ে যাচ্ছে। শ্বাসের সঙ্গে উচ্চ, কর্কশ শব্দ। মেঝেতে পড়ে থাকা, মুমূর্ষুর মতো অবস্থা। হঠাৎ ফোনালাপের পর মানসিক সংবেদনজনিত ট্রিগার।

সমস্যার ইতিহাস: গত কয়েক মাস ধরে রোগীর মাঝে মাঝে হালকা হিস্টিরিয়া-জাতীয় উপসর্গ থাকত— শ্বাস গরম হয়ে যাওয়া। সাময়িক শ্বাসকষ্ট। তবে এবারের অ্যাটাক ছিল অত্যন্ত তীব্র, মানসিক টেনশন-ইনডিউসড।

পর্যবেক্ষণ: রোগীর শ্বাসরীতি অস্বাভাবিক (convulsive breathing pattern)। Panic-like presentation কিন্তু Organic lesion absent। Emotional trigger positive। Diagnosis: **Hysterical Respiratory Distress / Psychogenic Dyspnea।**

প্রেসক্রিপশন ও ব্যবস্থাপনা প্রথম প্রেসক্রিপশন:

Staphysagria M/2, single dose।

রেসপন্স : ৩ মিনিটের মধ্যেই শ্বাস স্বাভাবিক হতে শুরু করে। তারপরে প্রতি ১০ মিনিট অন্তর পুনরায় দেওয়া হয়। ৪০ মিনিট পরে রোগী সম্পূর্ণ স্বাভাবিক। হাসিমুখে কথাবার্তা বলছেন।

ফলো আপ(Follow-Up & Treatment) : ৩ মাস পর **Staphysagria M/2 → M/10** ধাপে ধাপে। তিন মাস শেষে কনস্টিটিউশনাল ওষুধ: **Causticum 10M**, ২ ডোজ।

আলোচনা:

Causticum রোগীর মানসিক-আবেগিক গঠন (constitutional traits) এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ছিল। পরবর্তী **সাত বছরে আর কোনো ওষুধের প্রয়োজন হয়নি।** রোগী সম্পূর্ণ সুস্থ, হিস্টেরিক্যাল অ্যাটাকের পুনরাবৃত্তি নেই। মানসিক চাপ সামলানোর ক্ষমতা বৃদ্ধি পেয়েছে। চিকিৎসা বন্ধের পরে স্থায়ী cure বজায় রয়েছে

উপসংহার: মানসিক আঘাত বা চাপে সৃষ্ট সাইকোসোম্যাটিক শ্বাস ব্যাধিতে **Staphysagria** কত দ্রুত ও কার্যকরভাবে কাজ করতে পারে, সেটির উৎকৃষ্ট উদাহারন উপরোল্লিখিত কেসটি।। পরবর্তী কনস্টিটিউশনাল রেমেডি (Causticum) দীর্ঘমেয়াদি স্থায়ী সুস্থতা বজায় রাখতে গুরুত্বপূর্ণ। সঠিক উপসর্গ ম্যাচ করলে মুমূর্ষু হিস্টেরিক অ্যাটাকেও হোমিওপ্যাথিতে নাটকীয় ফল দিতে সক্ষম।

References

1. Kent, J.T. Lectures on Homoeopathic Materia Medica
2. Roberts, H.A. The Principles of Art and Cure by Homoeopathy.
3. Boericke, W. Pocket Manual of Homoeopathic Materia Medica.

কনভালসিভ ডিজঅর্ডারে হোমিওপ্যাথির সাফল্য

ডা. রাতুল মাহমুদ সজল

কেস বিবরণ

রোগীর পরিচয়

- নাম: ফাহিমা
- বয়স: ১৭ বছর
- বৈবাহিক অবস্থা: বিবাহিত (২ বছর), প্রেম করে বিয়ে
- সন্তান: ১টি (৪ মাস বয়স)
- শারীরিক গঠন: পাতলা, ফর্সা, দুর্বল, ফ্যাকাশে বর্ণ

প্রধান অভিযোগ (Chief Complaints) :

১) খিঁচুনি (Convulsive attacks) : হাত-পা কুঁকড়ে বাঁকা হয়ে যায়। দৈনিক ৩–৪ বার বা তার বেশি। ২০ মিনিট থেকে ১ ঘণ্টা পর্যন্ত স্থায়ী হয়। কখনো প্রস্রাব হয়ে যায় (once)। জিহ্বা কামড়ায় না। শুরু: সন্তানের জন্মের ৪ মাস পর থেকে শুরু।

২) **প্রড্রোমাল লক্ষণ (Before attack)** : দুই হাতে ঝিঁঝিঁ ও অবশ অনুভূতি । কানের পাশে “ফিসফিস শব্দ” শোনা। মনে হয় ২/৩ জন কথা বলছে, কিন্তু বোধগম্য নয়।

৩) **মানসিক লক্ষণ (Mind / Emotional State)** : খিটখিটে মেজাজ, অল্পেই রাগ। বাচ্চা কাঁদলেও বিরক্ত লাগে। শব্দে বিরক্ত। অকারণ কান্না। হঠাৎ মুড পরিবর্তন। একা থাকতে ইচ্ছে। স্বামী বাইরে গেলে, বাচ্চা ঠান্ডা

লাগলে উদ্বিগ্ন হয়ে পড়ে। শাশুড়ির “বড়লোকের বেটি” বলে খোঁটা দেয়,তবে এতে বাহ্যিক কোন প্রতিক্রিয়া নেই। স্বামী অত্যন্ত ভালোবাসে,কোন marital conflict নেই।

৪) **অন্যান্য অভিযোগ** : postpartum excessive bleeding; বাচ্চা থাকাকালে, hyperemesis saline নিতে হতো; খেতে বসলেই পায়খানার বেগ (many years); Constipation tendency, কিন্তু ২–৩ বার stool/day; সাদাস্রাব: রোগশুরুর পর বাড়ছে (white, non-offensive); menstruation now absent due to postpartum state।

৫) **খাদ্যাভ্যাস (Food & Appetite)** : কখনো প্রচণ্ড ক্ষুধা, কখনো anorexia; ক্ষুধা সহ্য না করলে মাথাব্যথা; রুটি (+ + +), কাঁচা টমেটো (+ +) খুব প্রিয়; ডিম অতি অপছন্দ,ডিম খেলেই ডায়রিয়া; মাছ পছন্দ, মাংস অপছন্দ; স্বাভাবিক পানি পছন্দ (এমনকি শীতেও)।

৬) **ঘুম**: অনেক ঘুম; সব কাতেই ঘুমাতে পারে; উপরে থেকে নিচে “মানুষ ও জমি” দেখতে থাকা স্বপ্নে দেখে।

৭) **জেনারেল (Generals)** : ঠান্ডা পানিতে গোসল করে; ঘাম স্বাভাবিক; ত্বক, ঠোঁট, নখ সব ফ্যাকাশে; স্পষ্ট অ্যানিমিক complexion; Pulse: 72/min, weak & soft; SpO_2: 97%।

ডায়াগনোসিস: Postpartum Depression with Psychogenic Non-epileptic Convulsions (PNES). History of severe bleeding + postpartum hormonal shift + neuro-emotional instability + no tongue-bite/no post-ictal coma → classical for PNES, not epilepsy.

রুব্রিক (Rubrics Selection)

Mind

- Irritability, trifles from
- Weeping, easily
- Mood alternates rapidly: laughing → crying
- Aversion to company
- Anxiety about family
- Sensitive to noise
- Delusion: hears voices, indistinct

Generalities

- Weakness after hemorrhage
- Anemia
- Faintness, tendency to
- Warmth aversion; desires cold water
- Postpartum affections

Extremities

- Tingling, numbness in hands before attack

Female

- Leucorrhoea, white, bland
- Profuse hemorrhage after labor

রেমেডি নির্বাচন (Remedy Justification)

কেন **Ferrum Metallicum**?

Ferrum metallicum-এর ক্লাসিকচিত্র , রক্তহীনতা (pallor with flushes); Post-hemorrhagic weakness; Sudden

faintness; Convulsive tendency with anaemic state; Irritable yet yielding nature; alternating force & weakness. সবগুলোই রোগীর সাথে গভীরভাবে মিলে যায়।
রোগী postpartum hemorrhage-এর কারণে সম্পূর্ণ অ্যানিমিক। মুখ, ঠোঁট, নখ—সব ফ্যাকাশে। weakness + irritability + trembling picture। pre-convulsive tingling
Ferrum-এর খিঁচুনি **non-epileptic**, weakness-based
অতএব **Ferrum Metallicum ছিল নিখুঁত Simillimum**।
প্রেসক্রিপশন ও ফলো-আপ (Treatment Timeline)

Ferrum Metallicum M/2 (০৫.১১.২০২৫)

৮ আউন্স পানিতে dilution. ৮ বার succussion. ১ চা চামচ → ১ কাপ পানিতে → ১ চা চামচ dose. দিনে ২ বার (সকাল–রাত)
পরামর্শ: উন্নতি হলে বন্ধ রাখতে বলেছি।

১৮.১১.২০২৫ (১৪ দিন পর)

মাত্র **১ দিন** সামান্য খিঁচুনির মতো হয়েছিল। ফিসফিস শব্দ নেই। হাতে ঝিঁঝিঁ নেই। রোগী নিজে বললেন, "অনেক ভালো আছি"
নির্দেশ: ডোজ কমিয়ে দিনে ১ বার। শেষ হলে বোতলে পানি যোগ করে আগের নিয়মে চালানো।

২৭.১১.২০২৫ (পরবর্তী ফলো-আপ)

এরপর **একবারও** খিঁচুনি ওঠেনি। auditory hallucination নেই। পুরোপুরি স্বাভাবিক। সাদাস্রাব কম। মানসিক irritability পূর্বের তুলনায় অনেক কম।

ঔষধ: Ferrum Metallicum M/3 (আগের নিয়মে)
Remark: রোগী নিশ্চিতভাবে সম্পূর্ণ সুস্থতার পথে।

উপসংহার (Conclusion)
এই কেসটি postpartum period-এ emotional suppression, hemorrhage induced anemia এবং neuro psychogenic instability এই তিনটির সম্মিলিত রোগ ছবিকে নির্দেশ করে।
Ferrum Metallicum একটি post hemorrhagic constitutional remedy তাই রোগীর মেন্টাল, জেনারেল ও নিউরোলজিকাল প্রতিটি স্তরে সাফল্য দিয়েছে। রোগী এখন সম্পূর্ণ খিঁচুনিমুক্ত, মানসিকভাবে স্থিতিশীল এবং শারীরিক শক্তি ফিরে পেয়েছে।

হোমিওপ্যাথি দ্বারা ফাংশনাল কার্ডিয়াক রোগীর ব্যবস্থাপনা
ডা. আতিকুল আলম

রোগী: এ. খন্দকার, মহিলা, ১৪ বছর/ বাংলাদেশী

সাল: ২০২০

প্রাথমিক উপস্থাপন

মার্চ ২০২০-এ রোগীর বাবা আমার সাথে যোগাযোগ করেন। গত দুই বছর ধরে তার মেয়ে তীব্র ধড়ফড়ানি ও বাম দিকের বুকে ব্যথায় ভুগছিল। সম্প্রতি স্কুলে সিঁড়ি বেয়ে ওঠার সময় তীব্র ব্যথা অনুভব করে সে অজ্ঞান হয়ে পড়ে। তাকে দ্রুত হাসপাতালে নিয়ে যাওয়া হয় এবং একজন কার্ডিওলজিস্ট পূর্ণাঙ্গ কার্ডিয়াক মূল্যায়ন করেন। নিয়মিত অ্যালোপ্যাথি চিকিৎসা সত্ত্বেও উল্লেখযোগ্য উন্নতি না হওয়ায় রোগীর বাবা হোমিওপ্যাথিক চিকিৎসা নেওয়ার সিদ্ধান্ত নেন।

কেস-টেকিং

পরামর্শের সময় রোগী ও অভিভাবকের কাছ থেকে নিম্নলিখিত তথ্য সংগ্রহ করা হয়:

মূল অভিযোগ

- ঘন ঘন ও তীব্র বাম-পার্শ্বীয় বুকে ব্যথা এবং প্রবল হৃদস্পন্দন
- পরিশ্রমে বৃদ্ধি পায়— এক মাইলের বেশি হাঁটা, সিঁড়ি ওঠা, ঝুঁকে শারীরিক কাজ করা (যেমন: গোসলের সময়)
- ব্যথা উপশম হয় চিৎ হয়ে (পিঠের ওপর) শুতে পারলে; তবে অ্যাটাকের সময় বাম কাত হয়ে শুতে পারে না
- গরম বা ঠান্ডার প্রতি বিশেষ সংবেদনশীলতা নেই

গত রোগের ইতিহাস

- টাইফয়েড, ম্যালেরিয়া, ডেঙ্গু বা অনুরূপ সংক্রামক রোগের ইতিহাস নেই
- মৌসুমি সর্দি–কাশি
- গত ১৮ মাসে একবার তীব্র জ্বর
- শৈশবে বড় কোনো অসুস্থতা নেই

মানসিক ও আবেগগত অবস্থা

- পরীক্ষার ভয়, অতিরিক্ত দুশ্চিন্তা এবং নিজের হার্ট নিয়ে উদ্বেগ
- কোনো ফোবিয়া নেই— অন্ধকার বা বজ্রধ্বনির ভয় নেই

জেনারেলিটিস

- পিপাসা থাকে, তবে ঠান্ডা পানীয়ের প্রতি বিশেষ আগ্রহ নেই
- স্বাভাবিক ক্ষুধা, কোনো বিশেষ খাবারের প্রতি আকর্ষণ নেই, মিষ্টি অপছন্দ
- সাধারণত ঘুম ভালো, তবে দুশ্চিন্তার সময় ব্যাঘাত ঘটে

পারিবারিক ইতিহাস

- বাবা: উচ্চ রক্তচাপ
- মা: সুস্থ
- বড় ভাইয়ের মৃত্যু হয়েছিল যখন রোগীর বয়স ছিল ছয় বছর

তদন্ত

হার্টের ইজেকশন ফ্র্যাকশন, ভাল্বের কার্যকারিতা এবং সেপটাল ডিফেক্টসহ সব পরীক্ষা স্বাভাবিক। কোনো কাঠামোগত সমস্যা পাওয়া যায়নি। রোগীর অবস্থাকে ফাংশনাল কার্ডিয়াক ডিসঅর্ডার হিসেবে চিহ্নিত করা হয়।

হেলথ লেভেল মূল্যায়ন

প্রফেসর জর্জ ভিটৌলকাসের “লেভেলস অফ হেলথ” মডেল অনুযায়ী রোগী সম্ভবত গ্রুপ A (নিম্ন) অথবা গ্রুপ B (উচ্চ)–এর মধ্যে পড়ে, যা ভালো

প্রাণশক্তি ও সঠিক সিমিলিমাম নির্বাচনের মাধ্যমে দ্রুত আরোগ্যের সম্ভাবনা নির্দেশ করে।

রেপার্টরাইজেশন ও ওষুধ নির্বাচন

Complete Repertory 2020 ব্যবহার করে প্রথম রেপার্টরাইজেশন করলে ৩১০টি ওষুধ উঠে আসে, যা অত্যন্ত বিস্তৃত। এরপর মডালিটি ক্রস-ফিল্টার প্রয়োগ করে তালিকাকে সংকুচিত করলে প্রধানত দুটি ওষুধ সামনে আসে—

Phosphorus এবং **Spigelia**।

Symptoms : 6 Remedies : 310 Filters : Normal

	Remedy	Phos	Spig	Dig	Nat-c	Nat-m	Am-c	Iod	Ars	Calc	Lach	Cact	Lil-t	Lycps	Naja
	Totality	23	20	16	16	16	15	15	15	15	14	13	13	13	13
	Symptoms Covered	6	6	5	5	5	5	5	4	4	4	4	4	4	4
	Kingdom														
	[Complete] [Heart & Circulation]PALPITATION HEART:Exertion:Agg.: (136)	4	4	4	3	4	3	4	4	4	4	4	3	4	4
	[Complete] [Heart & Circulation]PALPITATION HEART:Ascending agg.:Stairs: (78)	4	2	1	3	4		3	4	4		3		3	3
	[Complete] [Heart & Circulation]PALPITATION HEART:Lying:Amel.: (29)	4	3		3	1	3	1			3		3		
	[Complete] [Heart & Circulation]PALPITATION HEART:Excitement, emotional, agg.: (260)	4	4	4	4	4	3	3	4	4	4	3	4	3	3
	[Complete] [Heart & Circulation]PALPITATION HEART:Tumultuous, violent:Motion agg.: (17)	3	3	3	3		3								
	[Complete] [Heart & Circulation]PALPITATION HEART:Exertion:Agg.:Slightest: (63)	4	4	4		3	3	4	3	3	3	3	3	3	3


Symptoms : 6 Remedies : 2 Filters : Cross Filter

	Remedy	Phos	Spig
	Totality	23	20
	Symptoms Covered	6	6
	Kingdom		
	[Complete] [Heart & Circulation]PALPITATION HEART:Exertion:Agg.: (136)	4	4
X	[Complete] [Heart & Circulation]PALPITATION HEART:Ascending agg.:Stairs: (78)	4	2
X	[Complete] [Heart & Circulation]PALPITATION HEART:Lying:Amel.: (29)	4	3
	[Complete] [Heart & Circulation]PALPITATION HEART:Excitement, emotional, agg.: (260)	4	4
X	[Complete] [Heart & Circulation]PALPITATION HEART:Tumultuous, violent:Motion agg.: (17)	3	3
X	[Complete] [Heart & Circulation]PALPITATION HEART:Exertion:Agg.:Slightest: (63)	4	4

Comparative Materia Medica

- **Phosphorus** রোগীর পিপাসা ও মিশুক স্বভাবের সাথে মিললেও বুকে ব্যথার তীব্রতা ও হৃদস্পন্দনের হিংস্রতা যথেষ্টভাবে ব্যাখ্যা করে না।
- **Spigelia** তীব্র, বাম-পার্শ্বীয় কার্ডিয়াক ব্যথা ও প্রবল ট্যাকিকার্ডিয়ার ক্লাসিক চিত্রের সাথে সম্পূর্ণ সামঞ্জস্যপূর্ণ।

ফলত, Materia Medica তুলনায় **Spigelia**-কেই সঠিক সিমিলিমাম হিসেবে নির্বাচিত করা হয়।



	PHOSPHOROUS	SPIGELIA
GUIDING INDICATIONS	-Inflammation and degeneration of the mucous membranes of stomach and bowels. Inflammation of the spinal cord and nerves, leading to paralysis. -Disorganization the blood, fatty degeneration of blood vessels and every tissue and organ of the body. Thus a picture of destructive metabolism. -It is suited to those young people who, grow rapidly and are inclined to stoop. -Tall, slender persons, narrow chested, with fine features and long fingers, of sanguine temperament. Nervous, weak, delicate persons	-Suited to anaemic, debilitated subjects, yellow skin with rheumatic diathesis, scrofulous children with helminthic affections. -Stammering associated with helminthiasis; repeats the first syllable 3-4 times. -Violence is well marked. -Pains-Intense, burning, radiating, sharp, stitching, jerking, tearing. -Pains directed from within outwards and from below upwards. -Neuralgias-In any part, especially left trigeminal neuralgia, cardiac neuralgia, ciliary neuralgia. -Neuralgias are rhythmical, with the sun gradually increasing with the

Remedy Compare

Count : 2 | Keynotes

- Phos
- Spig

Section	PHOSPHOROUS	SPIGELIA
	-Tall, slender persons, narrow chested, with fine features and long fingers, of sanguine temperament. Nervous, weak, delicate persons who like to magnetized, weakened by loss of animal fluids. -Haemorrhages-recurrent, vicarious, small wounds bleed much, blood streaked discharges, profuse, watery bright red blood, which is non coagulable. -Insidious onset, gradually increasing debility, ending in severe or rapid disease. -Emptiness in chest, stomach, and all parts. -Tightness in chest, cough, etc. -Burning-Burning anywhere and	left trigeminal neuralgia, cardiac neuralgia, ciliary neuralgia. -Neuralgias are rhythmical, with the sun gradually increasing with the day and declining in the afternoon with the sun. -Neuralgias from exposure to cold air, cold, damp, rainy, stormy weather. -Periodic prosopalgia > dry weather. -Left sided affections. -Combined heart and eye symptoms, or eye symptoms as an accompaniment. Visible, audible, violent and roaring heart beats, shaking the whole chest. -Sensitive to cold, to wet and

Remedy Compare

Count : 2 | Keynotes

- Phos
- Spig

Section	PHOSPHOROUS	SPIGELIA
	sleep on left side. -Skin-Perspiration has the odour of sulphur.	
KEYNOTES	1. Burning in spots, especially along the spine. 2. Empty, all gone sensation in chest, stomach, etc. 3. Sensation as if anus remained wide open. 4. Vomiting, water is thrown out as soon as it gets warm in stomach. 5. Nausea from placing hands in warm water. 6. Nervous, desires to be magnetized.	1. Violent palpitations which shake the whole chest and audible heart beats. 2. Stammering with worm affections, repeats first syllable 3 or 4 times. 3. Pains press outwards from within, from below upwards. 4. Toothache > while eating < tobacco / cold drinks. 5. Fear of pointed objects.
NUCLEUS OF REMEDY	- For tall slender persons, with sanguine temperament.	-Intense, violent pains, especially neuralgic, anywhere in body- often

গ্যাস্ট্রিক ডিজঅর্ডার, ক্রনিক হাঁপানি ও চাপা পড়া সোরিয়াসিসের একটা কেইস

ডা ইমাম তাওফিক

৬৪ বছর বয়সী মহিলা। প্রায় এক বছর ধরে এপিগ্যাস্ট্রিক অঞ্চলে খাওয়ার পর পর বমি বমি ভাবই প্রধান সমস্যা বলে জানান। চাপা পড়া গুরুতর সোরিয়াসিসের অতীত ইতিহাস আছে। উনার ৩০ বছর বয়স থেকে হাঁপানির ইতিহাস এবং ১০ বছরেরও বেশি আগে ছোট কার্ডিয়াক সমস্যার ইতিহাস আছে। হাঁপানির জন্য ব্রঙ্কো ইনহেলার নিয়ে থাকেন। উত্তর খুব বিস্তারিতভাবে দেন. এক দিক খুব খোলা মনে হয়, আবার বিষণ্ণ, এবং দমনমূলক মানসিক অবস্থার সাথে বন্ধ বলে মনে হয়। বয়স অনুযায়ী অতিরিক্ত ওজন নেই। গায়ের রং ফর্সা । পরিপাটি পোশাক। ধার্মিক।

প্র: আপনার আজকের সমস্যাগুলো বলুন।

উত্তরঃ হ্যাঁ। **আমি যখন খাই, আমার হালকা বমি বমি ভাব বা বমি বমি লাগে এবং এটি কয়েক ঘন্টা পরে হয়, কিন্তু কখনও কখনও এটি তার চেয়ে কম সময়ে হতে পারে।** এবং এটি এই জায়গায় (রোগী তার এপিগ্যাস্ট্রিক রিজিওনের দিকে আঙ্গুল দিয়ে দেখায়), আমার পেটের উপরের অংশে।

আমি এভাবেই চলতে থাকি। আমি সাধারণত ডাক্তারদের কাছে যাই না যদি আমি নিজেকে নিজে কোনভাবে সাহায্য করতে পারি। কিন্তু গত বছর, ঠিক গত বছরের শেষের দিকে, আপনি জানেন আমি কি ভাবছিলাম? এটা সঠিক না। আমি খাচ্ছি। আমি খাবার পছন্দ করি, কিন্তু আমি খাচ্ছি বলে আমি অসুস্থ বোধ করছি। আপনার জীবনে আনন্দ কি? এছাড়াও, আমি ক্লান্ত বোধ করি। আমি এখন ক্লান্ত। আমি ডাক্তারের কাছে যেতে চাই না। আমার টেস্ট গুলো করাতে ভাল লাগে না। আমি ডাক্তারদের কাছে যাওয়া পছন্দ করি না।

প্র. আপনি কি কোনো দুশ্চিন্তায় ভুগছেন? হ্যাঁ, কিন্তু (কেন?)
উত্তরঃ **সত্যিই আমি এটার গভীরে যেতে পারছি না।** আমার ছয় সন্তান আছে। আমি একমাত্র সন্তান, তাই আমি একা থাকতে এবং একা কাজ করতে অভ্যস্ত। আমার যখন বিয়ে হয়, তখন আমার স্বামী বাড়ির কাজকর্মে বা বাচ্চাদের বা এই জাতীয় কাজ কারবারে কোনভাবেই সাহায্য করেননি। তাই আমি এখনও এমনই যে আমি "one man show", এবং আমি এখনও "one man show"।

প্র: আপনি কি বর্তমান অবস্থার কোন উৎস খুঁজে পাচ্ছেন, বিশেষ করে ভয় বা শক বা মানসিক চাপ বা আপনার অতীত জীবনে ঘটে যাওয়া কিছুর পরে এই রকমটা হয়েছে বলে মনে হয়?

উত্তরঃ আপনি সম্ভাব্য অনেক কিছুই বলতে পারেন। আমার স্বামী, আমার প্রাক্তন স্বামী আমার সন্তানদের শিখিয়েছেন। আমি তাদের প্রায় পাঁচ বছর দেখিনি। আমার ৪০ বছর বয়সে এটি ঘটেছিল এবং ৫০ বছর বয়সের আগ পর্যন্ত এভাবে চলেছে। সত্যিই এইগুলোই কষ্টদায়ক বিষয়। **জিনিসপত্র জমানোর প্রতি আমার ঝোঁক। আমি মনে করি না যে আমি এমন ধরনের ব্যক্তি যে সত্যিই আমি নিজেকে কাঁদাতে চাই না বা জিনিসপত্রের জন্য মন খারাপ করতে চাই না। শেষ কবে কেঁদেছিলাম মনে নেই। আমি মনে করতে পারছি না।** [ঠিক আছে] এটা সম্ভবত 20 বছর আগে আমি সত্যিই কেঁদেছিলাম। আমার যতটুকু মনে পড়ে। তাই যখন আমি নিজেকে বলি রোবোটিক, এটাই আমি আসলে বলতে চাচ্ছি।

প্র. কোন নির্দিষ্ট কারণ ছিল যা আপনি ভাবতে পারেন, নাকি সময়ের সাথে সাথে আপনি সেই ব্যক্তি হয়ে উঠেছেন?
উত্তরঃ আমি জানি না এটা আমার বিয়ের মাধ্যমে হতে পারে। আমি দাম্পত্য জীবনে সুখী ছিলাম না, অনুভব করিনি যে আমার স্বামী সত্যিই আমাকে বিয়ে করেছেন বা

আমাকে সাহায্য করেছেন বা আমাকে আদৌ কোনভাবে পেয়েছিলেন কিনা বা কোনও উপায়ে আমার প্রশংসা করেছিলেন কিনা।

প্রঃ এই বিষয়গুলো দেখে আপনার কেমন লাগে?

উঃ আমি খুব একা বোধ করছি। সত্যি কথা বলতে, আমি যখন পড়া শেষ করি, তখন আমার মনে হয় খুব কথা বলা হয়েছে। আমি আমার পরিবারের কারও সাথে কথা বলতে চাই না। আমি আমার বন্ধুদের সাথে কথা বলতে চাই না। আমি একটু মজা করতে চাই। আমি এমন কিছু দেখি যা খুব পছন্দ, ইসলামের ইতিহাস এবং এই জাতীয় জিনিস। তাই আমি সেই বিষয়ে কিছু দেখি, বা আমি সেই বিষয়ে নাটক দেখি।

প্র. এই গুরুতর সোরিয়াসিস কখন হয়েছে? আপনার বয়স কত ছিল?

উঃ আমার ছেলে ছিল। সেটা ছিল আমার দ্বিতীয় সন্তান। তার জন্মের প্রায় এক সপ্তাহ পরে, আমরা বিদেশে বসবাস করতে যাই। এটি আমার নিয়মের বিরুদ্ধে একটি বিশাল ধাক্কা ছিল। আমি ছিলাম ছোট্ট পশ্চিমা মেয়ে, হঠাৎ করে বিদেশে ফেলে দেয়া হয়েছে, যেটি এখনকার তুলনায় খুব বেশি পুরাতন যুগ ছিল। আপনাকে সম্পূর্ণ আলাদা ঘরে থাকতে হবে। আমার জীবন উলটপালট (topsy turvy) হয়ে যায়। আমি সব সময় বাড়িতে থাকতাম। **তখন হঠাৎ করেই মনে হল আমি বন্দী হিসেবে আছি।** এবং আমার কোন কিছুর উপর তেমন নিয়ন্ত্রণ ছিল না, কারণ আমার কিছু দরকার হলে আমার স্বামীকে বলতে হবে। তারপর আমার ছেলে, তার খৎনা করানো হয়েছিল, এবং কয়েক দিনের জন্য, আমি জানি না কি হয়েছিল, তবে সে খুব কাঁদছিল। তারপর আমার ছেলের সারা শরীরে একজিমা হতে শুরু করে। এবং তারপরের পরের জিনিসটি আমি জানি, **আমার শরীরে অনেকগুলো ছোট ছোট দাগ হতে শুরু করে এবং আমার মনে আছে, তারা আমাকে কিছু ক্রিম এবং কিছু জিনিস ব্যবহার করার জন্য দিয়েছে, কিন্তু এগুলো ছিল মারাত্মক। এবং এটা হতে পারে যে আমার বয়স যখন ৩০ বছর তখন হাঁপানি হয়েছিল। আমি**

জানতাম না যে এটি হাঁপানি কারণ আমার জীবনে কখনও হাঁপানি হয়নি। তাই আমি শুধু আমার নিশ্বাস নিয়ে যুদ্ধ করছিলাম। আমার স্বামী আমাকে ডাক্তারের কাছে নিয়ে যাবেন না। ডাক্তারের কাছে যেতে টাকা লাগে। এবং তিনি আমাকে নিয়ে যাননি, তাই আমাকে অনুমান করতে হয়েছিল যে এটি কী ছিল। এবং আমি খুব, খুব অসুস্থ ছিলাম। আমি শ্বাস নিতে পারছিলাম না। আমার শ্বাস প্রশ্বাস খারাপ হয়ে যাচ্ছিল।

প্র. আপনার হাঁপানির লক্ষন, কিসে ভাল লাগত? কিসে খারাপ লাগত?
উঃ **স্যাঁতসেঁতে, ভেজা, বৃষ্টিতে এটি খারাপ হয়। এটা সত্যিই আমার বুকের যন্ত্রনা বাড়িয়ে দিত, অথবা যদি আমার বুকে কোন ইনফেকশন হয়, এই ধরনের বিষয়গুলো এটিকে আরও বাড়িয়ে তুলবে। যদি ঘর স্যাঁতসেঁতে হয় তবে আমি মনে করি না যে এই ঘরটি স্যাঁতসেঁতে। আমি বলব যে খারাপ আবহাওয়া গত দশ বছরে বা তারও বেশি সময় এটি একটি মূল কারণ ছিল।**

প্র: আপনার কি কোন উদ্বেগ - উৎকণ্ঠা আছে? আপনার উদ্বেগ - উৎকণ্ঠা কি?
উঃ আমি মানুষকে ব্যর্থ হিসেবে দেখতে পছন্দ করি না। আমি মানুষকে হতাশ করতে পছন্দ করি না। আমি একজন শিক্ষক এবং মাঝে মাঝে আমার মনে হয় আমার যথেষ্ট সময় নেই। এই সব ধরনের ভয়, এই সবই আমার ভয়।

প্র: এগুলো কাটিয়ে ওঠার জন্য আপনি সাধারণত কি করেন? বা আপনি কি আদৌ ভয়গুলো কাটিয়ে ওঠার চেষ্টা করেন?
উঃ আমি জানি না আমি কি করি? সম্ভবত, আমি একই ভুল আবার করি।

প্র. এবং আপনি লোকেদের হতাশ করার কথা উল্লেখ করেছেন। মানুষকে হতাশ করার বিষয়টি কী রকম?
উঃ মানুষকে হতাশ করার বিষয়টি আমি অন্য কিছুর চেয়ে বেশি মনে করি। পরীক্ষা দিতে যাচ্ছে এমন ছাত্র আছে আমার। আমি এমন মানুষ নই যে সবকিছু ছেড়ে

পালিয়ে যাব। আমার মাঝে মাঝে ভয় থাকলেও আমি নিজেকে চ্যালেঞ্জ করার চেষ্টা করি।

প্র: আপনার শৈশব সম্পর্কে কিছু বলুন।

উঃ আমি শ্রীলঙ্কায় জন্মেছি, এবং আমি জানি না যে এটি আমাকে কোনভাবে প্রভাবিত করছে কিনা, তবে আমি আপনাকে কিছু তো বলবই, আমি রোদ পছন্দ করি, আমি পাম গাছ পছন্দ করি এবং আমি বিদেশ ভালবাসি। আর আমি ইংল্যান্ড পছন্দ করি না। আমার জন্মের পরে আমার বাবা-মা আলাদা হয়ে গেছে এবং এটি কখনই ভাল বিবাহবিচ্ছেদ ছিল না। আমি আমার মায়ের সাথে থাকতাম। আমার মা একজন কর্মজীবী মা। ব্রেকআপের পরে খুব হতাশ কারণ আমার বাবা অন্য কারো সাথে থাকে। মূলত এই মহিলাকে নিয়েই চলল পুরো ব্যাপারটা। সে বেশ বিষণ্ণ ছিল। এবং আমি এই সময়ে অভিভাবকদের মত ছিলাম, এক অর্থে। এবং আমার বাবা ভালো পুলিশ, খারাপ পুলিশ, আমার মা একজন খারাপ পুলিশ, বাবা একজন ভাল পুলিশ ছিল।

প্রঃ আপনার বিয়ের বিষয়ে সাধারণভাবে কিছু বলুন?

উঃ হ্যাঁ, সত্যিই আমি জীবনসঙ্গী বেছে নেয়ার জন্য লেগে ছিলাম। **সত্য কথা বলতে কি আমি জীবনসঙ্গী বেছে নিতে খুব ভাল ছিলাম না।** এটা আমার জীবনের একটা ক্ষেত্র। এটি একটি বিপর্যয়, যা সত্যিই আমাকে অনেক দুঃখ দেয়, আমাকে অনেক দুঃখ দেয়.. আমি জানি যে আমার মধ্যে এটিই এমন কিছু যা এই পরিস্থিতি তৈরি করছে কিন্তু সত্যিই এটি কী তা বুঝার মত যথেষ্ট বিজ্ঞ আমি নই।

প্রঃ আপনি বললেন যে আপনি সঠিক জীবনসঙ্গী বেছে নিতে পারেন নি। সেটা দিয়ে আপনি কি বুঝাতে চেয়েছেন?

উঃ **আমি মনে করি আমি দুইবারই জানতাম আমি আমার জন্য আমার সঠিক জীবনসঙ্গী পাইনি।**

প্র. কিন্তু অনেকের মধ্যে থেকে সেই ব্যক্তিকে বেছে নিতে কী এমন বিষয় আছে যা আপনাকে প্ররোচিত করেছে?

উঃ এটি সত্যিই একটি কঠিন প্রশ্ন। সত্যিই, এটি একটি কঠিন প্রশ্ন। আমি সত্যিই বলতে পারি না। দুই বিয়েতেই এমনটা হয়নি। দ্বিতীয় বিয়েটা বেশিদিন হয়নি। **আমি নিজের থেকে অনেক কম বয়সী কাউকে বিয়ে করেছি তাই আমি ভেবেছিলাম হয়তো আমি ভেবেছিলাম যে আমি সম্পর্কের ক্ষেত্রে আরও শক্তি পাব। তবে তিনিও বেশ শক্তিশালী ছিলেন, বেশ নিয়ন্ত্রণকারীও ছিলেন।**

প্র: perfectionism-এর **অধিকারী একজন ব্যক্তি হিসেবে আপনি নিজেকে কীভাবে সংজ্ঞায়িত করবেন?**

উঃ এটা হতাশাজনক। **নিজে নিজে খুব হতাশ, আমি আমার জীবনে যা অর্জন করেছি তাতে হতাশ। আমি মনে করি না আমি যথেষ্ট করেছি। শুধু স্বাভাবিক হতাশা।** আমি মনে করি আমার ব্যক্তিত্ব অন্য লোকেদের সাথে তুলনা করবে, এবং আমি কেবল নিজের জন্য এটি বাদ দেই না। কারণ আমার প্রত্যাশা যে আমি পৌঁছাতে পারি না।

প্র: আপনার কি কোনো খাবারে অ্যালার্জি আছে?

উঃ এটা নয় যে আমি জানি । অন্য কিছু আছে। আমার নিতম্বে এই ব্যথা আছে, এটা সত্যিকারের ব্যথার অনুভূতির মতো। এই ব্যথা আমার উরুতে শুরু হয়ে নিচের দিকে চলে যায়। কিন্তু আমি লক্ষ্য করেছি যে যখন আমি যখন কমলার রস খাওয়া বন্ধ করে দিয়েছিলাম তখন এটি সম্পূর্ণরূপে চলে গেছে। **আমি**

টক জাতীয় খাবার পছন্দ করি এবং গরম জিনিস পছন্দ করি। টক জাতীয় খাবার সম্ভবত আমাকেই পছন্দ করে না।

প্রঃ কোন খাবারে অতি আকাঙ্ক্ষা ?

উঃ এশিয়ান তরকারি খুব পছন্দ। খুবই ভালবাসি। আমি আনারস খুবই ভালোবাসি।

রেপার্টরি

	nat-m.	nit-ac.	lyc.	sulph.	calc.	chin.	sil.	sep.	staph.	borx.	merc.	ign.	lach.	caust.	con.	kali-c.	phos.	alum.	ars.	plat.	tarax.	mag-m.	nat-p.	zinc.	calc-p.	nat-c.	cham.	hep.	nux-v.	tub.	anac.	ant-c.	aur.	puls.	
	1	2	3	4	5	6	7	8	9	10	11	12	13	14	15	16	17	18	19	20	21	22	23	24	25	26	27	28	29	30	31	32	33	34	35
	8	5	5	5	5	5	5	4	4	4	4	4	4	4	4	4	4	4	4	4	4	4	4	4	3	3	3	3	3	3	3	3	3	3	3
	13	11	10	10	9	9	9	11	9	8	8	7	7	6	6	6	6	5	5	5	5	4	4	4	9	8	7	7	7	7	6	6	6	6	5
1. Clipboard 1																																			
1. Mind - DISCONTENTED, feelings, dissatisfied (169) 1	3	3	2	3	1	2	2	2	2	2	3	1	1	2	2	2	1	1	2	2	1	1	1	1	4	2	4	3	2	3	3	2	2	2	
2. MIND - MENTAL EXERTION - agg. (257) 1	3	2	3	2	3	2	3	3	3	1	1	3	3	2	2	1	2	2	1	1	1	1	1	1	3	3	1	2	3	3	2		3	2	3
3. EXTREMITIES - EXERTION; physical - amel. (3) 1	1						1					1																							
4. STOMACH - MILK - agg. (16) 1	1	2	2	2	2	2									1		1	1					1	1											
5. GENERALS - FOOD and DRINKS - fried food - agg. (8) 1	1					1																1													
6. MOUTH - ULCERS - canker sore (46) 1	2	2	1	1	1				1	2	1		1			1			1													1			1
7. GENERALS - RUNNING - amel. (17) 1	1						1	3				2		1						1	1														
8. TEETH - CARIES, decayed, hollow (125) 1	1	2	2	2	2	2	2	3	3	3	3		2	1	1	2	2	1	1	1	2	1	1	1	2	3	2	2	2	1	1	3	1	2	1

Natrum Carbonicum: দুধের প্রতি বিদ্বেষ, উচ্চ স্তরে কিছু লোকের সাথে ঘনিষ্টতা (কিন্তু সাধারণভাবে খুবই চুপচাপ), ব্যক্তিত্বে খুব ভদ্র, ডিসপেপসিয়া, বদহজম, দুধের প্রতি সংবেদনশীল। খুব বিবেকবান - তবে চরম পারফেকশনিস্ট নয়। অতীতের বিষন্নতা এবং আবেগ চাপা দেয়ার কারণে মনমরা ভাব। খাওয়ার পরে বৃদ্ধি। সাধারণভাবে তাপ এবং ঠান্ডার প্রতি সংবেদনশীল। টকজাতীয় খাবারে বৃদ্ধি।

Natrum Muriaticum: সম্পূর্ণরুপে চুপচাপ, কাঁদতে অক্ষম, মনের অনুভূতি প্রকাশে অক্ষম। খুবই অন্তর্মুখী। সমস্ত আবেগ একটি সংবেদনশীল প্রাচীর দ্বারা রক্ষিত। দুঃখের গভীর স্তর, প্রতিদানহীন ভালবাসা। টকজাতীয়

খাবারে বৃদ্ধি। অ্যাসিড রিফ্লাক্সের সাথে জিআই-এর সমস্যা। Emotional response feedback felt in the gut (stomach clenching), স্যাঁতসেঁতে আবহাওয়ার কারণে রোগের বৃদ্ধি।

Phosphorus: প্রিয়জনের কাছ থেকে সাড়া না পাওয়ার কারণে অন্তর্মুখীতা, এবং ভালোবাসা না পেলে মনভঙ্গ। আবহাওয়ার পরিবর্তনের কারণে বৃদ্ধি, মশলাদার খাবারে বৃদ্ধি (বিশেষ করে টকজাতীয় খাবারে), বমি বমি ভাব সহ গ্যাস্ট্রাইটিস, gastric erosion। আমরা এই কেইসে 'প্রসারণের (‘diffusion’)' কোনো পর্যায় দেখছি না। ফসের ক্ষুধা খাবার খাওয়ার পর কমে।

তুলনামূলক আলোচনা:

Natrium Phosphorisum: অসন্তুষ্ট অনুভূতি - তবে খুব পরিমার্জিত ব্যক্তিত্ব, দুধে বৃদ্ধি, ভাজা খাবারে বৃদ্ধি, ভাজা খাবার খাওয়ার কারণে গ্যাস্ট্রাইটিস, শারীরিক ব্যায়াম/পরিশ্রম সবকিছু আরও ভাল করে তোলে।

Natrum Sulphuricum: শৈশবে মাথায় আঘাত, হাইড্রোজেনয়েড গঠন, স্যাঁতসেঁতে/ভেজা আবহাওয়ার কারণে হাঁপানি বেড়ে যাওয়া, মানসিক বিষন্নতা/হতাশা/দুঃখের কারণে একজিমা/সোরিয়াসিস, খুব চুপচাপ - তবুও প্রয়োজনের সময় প্রয়োজনীয় কথা প্রকাশ করে।

Lycopodium: টোটাল জিআই সিস্টেম ডিসঅর্ডারের কারণে দীর্ঘস্থায়ী জিআই-র সমস্যা (চমৎকার কাজ করে!), বুদ্ধিমান মানুষেরও অসন্তুষ্ট অনুভূতি, দুধ/ভাজা খাবার অসহ্য, ক্রনিক দাঁত/মাড়ির সমস্যা।

Remedy: nat-m , 200c, once every 3 weeks(6 pallets/ dose)

ফলো-আপ (৬ষ্ঠ সপ্তাহে)

- অনেক ভাল অনুভব করছি.
- পেটের সমস্যা অনেক ভালো, অ্যাসিড রিফ্লাক্স অনেক কম ।
- আবার দৌড়াতে পারছি, আগের চেয়ে অনেক বেশি। [এর মানে হাঁপানির অবস্থা অনেক ভালো। আমি দৌড়ে গিয়েছিলাম, এবং আমি আমার সেরা গতিটুকু পেয়েছি, আমি আগে কখনও স্বপ্নেও ভাবিনি, তাই আমি এতে সত্যিই খুশি হলাম।] **সুতরাং বুঝাই যাচ্ছে আমার ফুসফুস অবশ্যই বেশ ভাল অবস্থায় আছে**
- পুরানো মুখের আলসার আবার দেখা দিয়েছে। **["মুখের ঘা, এবং এটি আমাকে মনে করিয়ে দেয় যে আমি যখন ছোট ছিলাম তখন আমার মুখে ঘা ছিল"]**
- ঘুম ভালো হয়।
- সব মিলিয়ে খুব ভালো লাগছে।

বিশ্লেষণ: সাধারণভাবে খুব খুশি দেখাচ্ছিল। তার উত্তেজনা দেখে তার মানসিক প্রশান্তি আমার কাছে স্পষ্ট ছিল যে সে ক্লান্ত হওয়া ছাড়াই আবার দৌড়াতে সক্ষম, সে ক্লান্ত না হয়ে, কোন শ্বাস ফেলা ছাড়াই দৌড়িয়ে অনেক পথ যেতে পারে। স্পষ্টতই সুখী দেখাচ্ছিল, এমনকি সে বিদেশে তার মেয়েকে দেখতে যাচ্ছে। সুতরাং, তিনি অবশ্যই অন্যান্য কাজেও সময় দিচ্ছেন। তার জিআই সমস্যা এখনও বর্তমান। তার ফুসফুসের সক্ষমতা অবশ্যই আগের

চেয়ে ভাল হয়েছে, অন্যথায় তিনি শ্বাসকষ্ট ছাড়া বা খুব ক্লান্ত না হয়ে এই গতি এবং দূরত্বে দৌড়াতে সক্ষম হতেন না। এটি ইঙ্গিত করে যে স্বাভাবিকভাবে তার হাঁপানি ভাল হয়ে উঠতে পারে, যা আমরা ভবিষ্যতে মূল্যায়ন করতে সক্ষম হব। বুঝা যাচ্ছে যে এই ঔষধ সব স্তরেই কাজ করছে। শৈশবে তার মুখের ঘা ছিল এবং এটি এবার দেখা দিয়েছে। শৈশব থেকেই তার এই মুখের ঘা ছিল। মুখের ঘা সাধারণত ভিটামিন বি এর অভাবের সাথে সাথে আকস্মিক স্ট্রেস ট্রিগারের কারণে হয়। মুখের ঘা কমাতে সাহায্য করার জন্য আমরা তাকে একটি ইন্টারকারেন্ট (অর্থাৎ বোরাক্স, মার্ক) দেওয়ার কথা বিবেচনা করতে পারি। এছাড়া নতুন কোনো উপসর্গ দেখা যায়নি। এই মুহূর্তে আমি মনে করি বর্তমান ঔষধটি তার জন্য ভাল কাজ করছে এবং আমি তাকে একই ঔষধে রাখতে চাই।

Remedy: Natrium Muriaticum, 30c, 3 pallets, once every week to support the big dose of 200c. For 6 weeks.

সিস্টেমিক লুপাস ইরাইথেমাটোসাস (SLE)–এ দীর্ঘ ৬ মাসের জ্বরের হোমিওপ্যাথিক চিকিৎসায় সফল ফলাফল

ডা. আবুল আলাম

কেস রিপোর্ট

রোগীর বিবরণ

- **নাম:** হাসনেয়ার বিবি
- **বয়স:** ৪০ বছর
- **লিঙ্গ:** মহিলা
- **প্রথম ভিজিট:** ১৬.০৭.২০২৫

প্রধান অভিযোগ (Chief Complaints) : গত **৬ মাসের অবিরাম ইন্টারমিটেন্ট ও পিরিয়ডিক্যাল জ্বর,** তীব্র দুর্বলতা, জয়েন্ট পেইন, গ্যাস্ট্রাইটিস, লিভার হেম্যাঞ্জিওমা, কিডনি স্টোন।

পূর্ব চিকিৎসা (Past Treatment) : দীর্ঘ ৬ মাস এলোপ্যাথি চিকিৎসা করেছেন। কিছুদিন হোমিওপ্যাথিও করেচ্ছেন। কোনোরূপ উন্নতি হয়নি। রিউমাটোলজিস্ট (NRS Medical College, Kolkata)-এর পরামর্শে স্টেরয়েড চালানোর কথা হলেও রোগী স্টেরয়েড শুরু করেননি।

তদন্ত (Investigations)

রক্ত পরীক্ষা প্রস্তাব:

ANA, Serology, LFT, CBC, Anti-CCP, RA Factor

রিপোর্ট (২১.০৭.২০২৫)

পরীক্ষা	ফলাফল	রেফারেন্স রেঞ্জ
ANA	Positive 2.95	0.9 – 1.1
Diagnosis	SLE Confirmed	

রোগ ইতিহাস:

Past History: Hysterectomy (2016); ৩ বার মিসক্যারেজ; ৪ বছরের সন্তানের মৃত্যু।

Family History: ডায়াবেটিস; আর্থ্রাইটিস।

ব্যক্তিগত তথ্য: লবণাক্ত, মাছ, মাংস পছন্দ; ক্যান্সার ও নানান রোগের ভয় আছে; নিয়মিত গোসল করেন; গরম প্রকৃতি; তৃষ্ণা কম; অল্প ঘাম; মানসিক: খুবই sympathetic.

কেস অ্যানালাইসিস : দীর্ঘ দিনের জ্বর; মায়াজমেটিক involvement → **Psora** + **Sycosis** + **Tubercular tendency**

Remedy Selection Rationale:

Constitutional & anti-miasmatic base remedy: **Sulphur**
Cancerinic miasm dominance (fear, chronicity, prolonged fever): **Carcinosin**

চিকিৎসা পরিকল্পনা

First Prescription (২৪.০৭.২০২৫)

Sulphur 200 → TDS × ৩ দিন; **Placebo** → ৩ দিন।

ফলো-আপ

জ্বর ১০৩–১০৪°F থেকে নেমে ৯৯°F ; সারারাত থেকে কমে ১–৩ ঘণ্টায় নেমে এসেছে

Carcinosin 200 , ২ ডোজ; Placebo → ৭ দিন

গত ৫ দিন জ্বর নেই, ঘুম ভালো, দুর্বলতা আছে (১৩ আগস্ট ২০২৫)

Sulphur 0/5 → দিনে ২ বার

জ্বর নেই, Placebo continue (২৮ আগস্ট ২০২৫)

গত ৭ দিন জ্বর **(**২৭ সেপ্টেম্বর ২০২৫)

Sulphur 1M → ৩ ডোজ

গত ১ সপ্তাহ কোনো জ্বর নেই (১১ অক্টোবর ২০২৫)

Placebo continue

সম্পূর্ণ জ্বরমুক্ত (২৬ অক্টোবর ২০২৫)

Sulphur 10M → ২ ডোজ (১৩ নভেম্বর ২০২৫)

এরপর আর জ্বর ব্যাক করে নেই। রোগী সম্পূর্ণ ভালো।

আলোচনা

এ রোগী এলোপ্যাথিতে ৬ মাস চিকিৎসা নিয়েও উপশম পাননি।ANA পজিটিভ → নিশ্চিত SLE

রিউমাটোলজিস্ট স্টেরয়েড প্রেসক্রাইব করলেও রোগী **একটিও স্টেরয়েড সেবন করেননি**। হোমিওপ্যাথিক চিকিৎসার মূল সাফল্যের জায়গা আসলে, সঠিক মায়াজম সিলেকশন। Constitutional ও anti-miasmatic

remedy (Sulphur)। Chronic auto-immune diathesis–এ Carcinosin এর সঠিক প্রয়োগ করা হয়েছে।

উপসংহার

এই কেসটি স্পষ্টভাবে প্রমাণ করে , SLE-এর মতো জটিল অটোইমিউন কন্ডিশনেও সঠিক হোমিওপ্যাথিক চিকিৎসা উল্লেখযোগ্য ফল দিতে পারে। এমনকি যখন এলোপ্যাথিতে শক্তিশালী ড্রাগ স্টেরয়েডের প্রয়োজনীয়তা দেখা দেয়, সেসব কেসে হোমিওপ্যাথিক মায়াজম্যাটিক ট্রিটমেন্ট অসামান্য সাফল্য এনে দিতে পারে।

লেফট সাইড ওভারিয়ান সিস্ট ও মানসিক চাপে ন্যাট্রাম মিউরিটিক্যামের একটি সফল কেস

ডা. নাসরিন নাহার

রোগীর তথ্য

- **নাম:** তন্নী
- **বয়স:** ১৭ বছর
- **পরিবার:** মা, বাবা, ১ বোন (বোন প্রতিবন্ধী; ১৩ বছর বয়সে মারা গেছে)
- **শিক্ষা:** গণিত কোচিং এ ভর্তি
- **পরিবারের সামাজিক অবস্থা:** বাবা বিদেশে; পরিবারের আর্থিক সমস্যা।

প্রধান অভিযোগ: বাম ওভারিয়ান সিস্ট। পিরিয়ডের আগে তীব্র ব্যথা (Pelvic pain, lower abdomen)। মাথাব্যথা। ক্ষুধা কমে যাওয়া। ঘুমের ব্যাঘাত। কঠিন বড় মল (constipation)।

পূর্ববর্তী ইতিহাস: বোন ১৩ বছর বয়সে মারা গেছে; মায়ের অতিরিক্ত শাসন । বাবা বিদেশে চলে গেছেন; কম মনোযোগ এবং মানসিক সাপোর্ট নেই। ক্রমাগত family grief–এর চাপ।

মানসিক ও মানসিক গতিশীলতা: প্রেমের সম্পর্কে ভেঙ্গে যাওয়ায় দীর্ঘদিনের জমে থাকা কষ্ট, Self-image: sensitive, introvert,

perfectionist, অনুভুতি এবং কষ্ট চাপা পড়া, Disappointed love–এর স্মৃতি হৃদয়ে দীর্ঘমেয়াদি চাপ সৃষ্টি করেছে, সবার সামনে ঠোঁট শক্ত করে রাখা, কেউ সান্ত্বনা দিলে আরও কেঁদে ফেলা, কিন্তু কেউ দেখতে পায় না,

Mental / Emotional Rubrics

- Grief; suppressed
- Sensitive; introvert
- Romantic disappointment
- Emotional suppression; averse to consolation
- Perfectionism
- Self-control; reserved, dignified
- Anxiety; regarding future, love disappointment

Physical / General Rubrics

- Female; Ovarian cyst; left side
- Pain; lower abdomen; premenstrual
- Headache; hammering, occipital, morning
- Constipation; hard, large stool, difficulty passing
- Appetite; diminished
- Sleep; disturbed, restless

Relational / Psychosomatic Rubrics

- Family grief; parental criticism
- Disappointed love; emotional shock

- Suppressed emotions causing endocrine & ovarian dysfunction

রেপার্টরাইজেশন (Repertorial Analysis)

- **Natrum Muriaticum**: primary remedy covering emotional grief, disappointed love, premenstrual pain, constipation, left-sided ovarian cyst, sensitive introvert personality.

Others considered but less indicated:

- Ignatia amara (short-term grief, hysterical reactions)
- Calcarea phosphorica (growth-related cystic tendency)

প্রেসক্রিপশন

Natrum Muriaticum 200 — একমাত্র মাত্রা দিয়ে শুরু
পরবর্তীতে প্রয়োজনমতো **0/2 থেকে 6X** ধারাবাহিক ১৪ দিন অন্তর ফলোআপের মাধ্যমে
Mental-emotional support: patient counselling & reassurance

ফলোআপ ও ফলাফল: ক্রমাগত ফলোআপের মাধ্যমে cyst ছোট হতে শুরু করে। Premenstrual pelvic pain উল্লেখযোগ্যভাবে কমে যায়। Headache, appetite এবং sleep disturbances উন্নতি পায়। শেষ USG: cyst সম্পূর্ণ মিলিয়ে গেছে। Emotional state: grief ও heartbreak–এর স্মৃতি এখনও আছে, কিন্তু daily life–এ সমস্যা কম।

উপসংহার:

Mental-emotional dynamics বিশ্লেষণ কেসটিকে সফলভাবে পরিচালনায় সাহায্য করেছে।

চকলেট সিস্টে লাইকোপডিয়াম ও থুজার সফল প্রয়োগ

ডা. এস. এম. জাহাঙ্গীর

কেস রিপোর্ট (Case Report)

রোগীর পরিচিতি

- **নাম:** মুন্নি
- **বয়স:** ২৫ বছর
- **বৈবাহিক অবস্থা:** বিবাহিত ৬ বছর
- **সন্তান:** ২ (ছেলে ৪ বছর, মেয়ে ২ বছর)
- **পেশা:** গৃহিণী
- **জন্মনিয়ন্ত্রণ:** প্রাকৃতিক
- **স্বামী:** কৃষিকাজে নিয়োজিত
- **প্রথম উপস্থিতি:** ০৪–০৯–২০২৪

প্রধান অভিযোগ (Chief Complaints) : ডান তলপেটে তীব্র ব্যথা। চকলেট সিস্ট (Rt. Ovary)। রাত্রে পাশ ফেরাতে কষ্ট। পেট সবসময় ভরা অনুভূতি। মাথা ঘোরা। অতিরিক্ত ঘাম। গরম অসহ্য। মাসিক অনিয়ম ও ব্যথা

USG / TVS রিপোর্ট : Rt. Ovary Chocolate cyst → 5.5 × 5.1 **cm (২৮-০৫-২০২৪)**

Rt. Ovary Chocolate cyst → 5.9 × 4.4 **cm (০৩-০৯-২০২৪)**

বর্তমান রোগের ইতিহাস (History of Present Illness) : ডান ইলিয়াক অঞ্চলে তীব্র ব্যথা। ব্যথার জন্য মনে হয় পেট খসে পড়বে। ব্যথা ডান কোমরে প্রসারিত হয়। ডান কাতে চেপে শুতে আরাম। পেট সবসময় ভরা অনুভূতি। মাথা ঘোরা, গরমকাতরতা ও প্রচুর ঘাম।

মাসিক ইতিহাস (Menstrual History) : মাসিক অনিয়মিত। সাধারণত তারিখ পিছিয়ে যায়। প্রথম দিনে অতিরিক্ত রক্তস্রাব। মাসিকের সময় তীব্র ব্যথা।

মানসিক উপসর্গ (Mental Symptoms) : নরম প্রকৃতি। অন্যের কষ্ট সহ্য করতে পারে না। অবিশ্বাস স্বামীর অন্যত্র সম্পর্ক আছে মনে হওয়া। আর্থিক বিষয়ে অতিরিক্ত হিসাবী

পূর্ব ইতিহাস (Past History) : প্রথম সন্তান গর্ভাবস্থায় জন্ডিস। অন্য কোনো বড় রোগ নেই।

পারিবারিক ইতিহাস (Family History) : নানা ও দাদীর হাঁপানি। দাদার বাতের ব্যথা।

চিকিৎসার ধাপ

প্রথম প্রেসক্রিপশন — ০৪-০৯-২০২৪

- **Lycopodium LM2** → সকাল/দুপুর/রাত

- **Lycopodium LM3** → পরবর্তী ধাপ
- **Saculetum 500** → ১ ঘণ্টা পরপর
- **Mag Phos 3X** → দিনে ৪ বার

১ম ফলোআপ — ০৯-১০-২০২৪

উন্নতি: তলপেটের ব্যথা নেই। মাসিক নিয়মিত, ব্যথা কম

দ্বিতীয় প্রেসক্রিপশন: Lycopodium LM4, Lycopodium LM5, Saculetum 1500 , B. Tab 12X।

২য় ফলোআপ — ১৪-১২-২০২৪

অবস্থা: ডানদিকের ব্যথা নেই। মাসিক নিয়মিত। সামান্য বাম পাশের ব্যথা।

৩য় ফলোআপ —২৯-০১-২০২৫

TVS Findings: Bulky uterus. Multiple nabothian cyst. Left ovary hemorrhagic cyst → **3.2 × 2.8 cm.**

তৃতীয় প্রেসক্রিপশন: RT LM2, PT, Thuja LM5 → LM7, Mag Phos 30X, Calc Flour 30X.

৪র্থ ফলোআপ —১২-০৪-২০২৫

অবস্থা: সব ব্যথা নেই। মাসিক নিয়মিত। মানসিক ভ্রান্ত ধারণা নেই

চতুর্থ প্রেসক্রিপশন: Thuja LM9 (weekly), PLT, Saculetum 3000

৫ম ফলোআপ —১৬-০৭-২০২৫

TVS রিপোর্ট: Normal

পঞ্চম প্রেসক্রিপশন: Thuja LM10 (weekly), PLT, Saculetum 3000 → 5000, শেষে **Sulphur 10M (৬ মাস পর)**

আলোচনা (Discussion)

এই কেসে প্রথমে **Lycopodium** রোগীর তলপেটের ব্যথা, মাসিক অনিয়ম, গরমকাতরতা, মাথা ঘোরা ও পেট ভরা ভাব এসব শারীরিক জেনারেল উপসর্গে দারুণ ফল দেয়। রোগীর মানসিক উপসর্গ অবিশ্বাস, হিসাবী স্বভাব, অতিরিক্ত ভাবনার সঙ্গে Lycopodium সুন্দরভাবে সামঞ্জস্যপূর্ণ।পরবর্তীতে সিস্ট–রেজোলভিং ও গভীর মায়াজম্যাটিক একশনে **Thuja** প্রয়োগ করা হয়। এর ফলে সিস্ট ধীরে ধীরে রেজলভ হয়ে যায় এবং শেষ TVS রিপোর্ট সম্পূর্ণ স্বাভাবিক পাওয়া যায়। চূড়ান্ত মায়াজম্যাটিক পরিষ্কারকরণ হিসেবে **Sulphur 10M** দেওয়া যথার্থ।

উপসংহার (Conclusion)

চকলেট সিস্টের ক্ষেত্রে কেস নির্ভর বিশ্লেষণ, ধারাবাহিক পর্যবেক্ষণ, সঠিক রেপার্টোরাইজেশন এবং উপযুক্ত রেমেডির ধাপে ধাপে প্রয়োগ রোগীকে সম্পূর্ণ সুস্থ করতে সক্ষম । এই কেসটি প্রমাণ করে, হোমিওপ্যাথি চকলেট সিস্টের মতো জটিল নারীরোগের ক্ষেত্রেও অত্যন্ত কার্যকর।

দ্রুত বীর্যপাতে (PE) হোমিওপ্যাথিক চিকিৎসার একটি সফল কেস রিপোর্ট

ডা. আবদুল্লাহ আল ফিরোজ

কেস বিবরণ

রোগীর পরিচয়

- নাম: ইকবাল
- বয়স: ৪০
- পেশা: ফার্মাসিস্ট; সকাল ৯টা–রাত ১০টা পর্যন্ত দাঁড়িয়ে কাজ
- বৈবাহিক অবস্থা: বিবাহিত
- অভ্যাস: ধর্মভীরু, সৎ, পরিশ্রমী

প্রধান অভিযোগ: দ্রুত বীর্যপাত মাত্র (১-৩) (Premature Ejaculation)। সামান্য উত্তেজনাতেই বীর্যস্খলন (Involuntary Emissions)। উত্তেজনায় লিঙ্গ শক্ত হলেও বীর্যপাতের পরই নরম হয়ে পড়ে (Erectile Instability)। যৌন ইচ্ছা স্বাভাবিক। সমস্যা থেকে ভয়, দুশ্চিন্তা, আত্মসম্মান কমে যাওয়া।

সমস্যার গতিপ্রকৃতি (Onset & Course) : প্রায় ১ বছর ধরে ধীরে ধীরে বৃদ্ধি। আগে মাঝে মাঝে হত, এখন প্রায় প্রতিবারই।

শারীরিক বৈশিষ্ট্য (Physical Generals) : খাদ্য: ঝাল, ভাজা-পোড়া, **গরুর মাংস প্রিয়**, ঠান্ডা খাবার প্রিয়। তৃষ্ণা কম। পায়খানা ও প্রস্রাব স্বাভাবিক। ঘুম ভালো। ওজন বেড়েছে, আগে শুকনা, এখন মোটা। সারাদিন

দাঁড়িয়ে কাজের কারনে evening exhaustion। সব আবহাওয়া সহ্য করতে পারেন; শীতকাতর। Dust allergy আছে।

মানসিক বৈশিষ্ট্য (Mind & Personality) : কথা স্পষ্ট, আত্মবিশ্বাসী, ধর্মভীরু। রাগ হলে চুপ থাকে, মিশতে চায় না, ক্ষমা করতে পারে না। হঠাৎ করে সহিংসতার চিন্তা আসে — "**মারিয়ে দেব**", "**সাইজ করে দেব**"। প্রতিশোধপরায়নতা, সন্দেহপ্রবণ। ঝুট-ঝামেলা অপছন্দ; বাঁকা কথা সহ্য হয় না। অসুস্থ হলে নিঃশব্দে শুয়ে থাকে, বিরক্তিকর হয়ে যায়।

পূর্ববর্তী রোগ ইতিহাস (Past History) : শিশু অবস্থায় ১০ বছর বয়স পর্যন্ত **Rheumatic fever** ছিল। এখন তেমন অসুখ হয় না।

পারিবারিক ইতিহাস (Family History) : মা—রিউম্যাটিজম। বাবা—ডায়াবেটিস ও হাই ব্লাড প্রেসার

কেস অ্যানালাইসিস (Case Analysis)

১. মায়াজমেটিক বিশ্লেষণ: যৌন স্নায়ুতন্ত্রে অতিরিক্ত উত্তেজনা। অশান্তি, অস্থিরতা। suppressed anger → violent impuls. সন্দেহপ্রবণতা। guilt + religious sincerity। **Syco-Syphilitic মায়াজম** প্রমিনেন্ট।

২. কোর থিম (Core of the case)

- Sexual excitability > control weakness
- Involuntary seminal loss

- Erection breaks down after emission
- Extremes of anger, unforgiving, revengeful imagination
- Childhood rheumatic history
- Talkative + open + passionate religious temperament

এগুলো Medorrhinum- কে নির্দেশ করে।

রুব্রিক(Rubrics)

Mind:

- Anger; silent
- Suspiciousness
- Hatred; unforgiving
- Rage; violent; impulses to kill
- Dwells on past offenses
- Religious affections
- Talkative

Male Sexual:

- Emissions; involuntary; from excitement
- Emissions too early at beginning of coitus
- Weakness, sexual
- Erections imperfect
- Libido ; control

Generals:

- Obesity

- Desires cold
- Desires meat, fat
- Thirstlessness

রেমেডি নির্বাচন (Remedy Selection)

১. Selenium – বাতিল

কারণ: Selenium-এ থাকে general debility, worn-out feeling — যা রোগীর নেই।

২. Staphysagria – বাতিল

কারণ: Humiliation, emotional suppression, insult memory নেই। Sexual sphere purely neurogenic।

৩. Lycopodium – বাতিল

কারণ: Performance anxiety বা fear of failure নেই; self-confidence intact।

৪. Nux vomica – আংশিক মিল, কিন্তু কেন্দ্রীয় নয়

কারণ: রাগ আছে, irritability আছে, কিন্তু sexual excitability → involuntary emissions এই keynote Nux-এর নয়।

চূড়ান্ত রেমেডি: Medorrhinum

কারণ:

- Excess sexual excitement but poor control
- Spontaneous emissions
- Syco-Syphilitic tendency
- Suppressed anger → violent impulses

- Revengeful imagination
- Childhood rheumatic history
- Sensual + religious + suspicious + talkative

Dose: Medorrhinum 10M, ৩০ মিনিট পর পর ২ ডোজ → follow-up after 1 month।

ফলো-আপ (Follow-up)

১ম মাস :

সার্বিক উন্নতি (General Improvement): খিটখিটে ভাব কমেছে। এনার্জি বেড়েছে। ঘুম ভালো হয়। অস্থিরতা কম। আত্মবিশ্বাস কিছুটা ফিরে এসেছে

যৌন সমস্যা: Premature ejaculation প্রায় একই। Erection মাঝপথে নরম হয়ে যাচ্ছে। উত্তেজনায় pre-seminal leakage আছে

ব্যবস্থাপত্র: Onosmodium 30 – দিনে ৪–৫ ডোজ। ১ মাস পর দেখা করতে বলা হল।

২য় মাস পর: Timing বেড়েছে। আত্মবিশ্বাস ফিরে এসেছে। মুখে প্রশান্তির হাসি

ব্যবস্থাপত্র: **Medorrhinum CM** এক ডোজ। ১ মাস পর ফলো-আপ

৩য় মাস পর: রোগী হঠাৎ ফোনে **"স্যার, আলহামদুলিল্লাহ আমি পুরোপুরি ভালো আছি। আর কোনো সমস্যা নেই। আসবো নাকি?"**

রোগী সম্পূর্ণ সুস্থ। Premature ejaculation নেই।Erection normal। জীবনযাত্রা স্বাভাবিক। মানসিক অস্থিরতা নেই।

উপসংহার (Conclusion)

এই কেসটি দেখায় যে Premature Ejaculation সবসময় শারীরিক সমস্যা নয়—অনেক সময় এটি গভীর **neuro-sexual excitability** + **miasmatic block** এর ফল। মাত্র ৩ মাসে স্থায়ী আরোগ্য অর্জিত হয়।

বাম কিডনিতে পাথর ও হাইড্রোনোফ্রোসিসের থুজার সফল প্রয়োগ

ডা. নাজমুল ইসলাম

রোগীর তথ্য

- **নাম:** সাব্বির
- **বয়স:** ২৪ বছর
- **বৈবাহিক অবস্থা:** অবিবাহিত
- **পেশা:** চাকরিজীবী

প্রধান অভিযোগ: বাম কিডনিতে পাথর (১ সেমি) ও হাইড্রোনেফ্রোসিস। প্রস্রাব ক্লিয়ার না হওয়া, প্রস্রাবে জ্বালা, চাপ প্রয়োগ করলে ভালো হয়। মানসিক অস্থিরতা ও সন্দেহমূলক মনোভাব।

মানসিক ও মানসিক গতিশীলতা

- Psychotic mind; সন্দেহযুক্ত মনোভাব
- Anger mode: consolation aggravation
- Greedy nature
- Delusion: “someone behind me”

- Constant mental unrest, sleeping disturbances, variety of bad dreams

শারীরিক ও সাধারণ লক্ষণ

- Incomplete urine; burning sensation during urination
- Stool: normal, bad smell
- Face: oily; sweating on uncovered parts, bad smell
- Tongue: yellow with cracks
- Food: meat & potato preferred; cold drinks, onions, salt, fruits
- Modalities: Morning aggravation; pressure application improves urination
- Vaccine: Corona complete

রুব্রিক

- Urinary; stone; ureter; left
- Urinary; incomplete, difficult; micturition
- Urinary; burning; micturition
- Mind; psychotic; suspiciousness
- Mind; anger; consolation aggravation
- Food; meat; desire

- Food; potato; desire
- General; sweat; bad odor; uncovered parts
- Sleep; normal; left side
- Dream; variety; bad dreams

প্রেসক্রিপশন ও চিকিৎসা (Prescription & Treatment)

প্রথম প্রেসক্রিপশন (১৩-১১-২০২৩)

ওষুধ: Thuja 200

পর্যবেক্ষণ: প্রথম ডোজ; মূল চিকিৎসা শুরু।

দ্বিতীয় প্রেসক্রিপশন (০৫-১২-২০২৩)

ওষুধ: Placebo

পর্যবেক্ষণ: প্রস্রাবের জ্বালাপোড়া উল্লেখযোগ্যভাবে কমেছে।

তৃতীয় প্রেসক্রিপশন (২৭-০১-২০২৪)

ওষুধ: Thuja 1M

পর্যবেক্ষণ: রোগীর লক্ষণে স্পষ্ট উন্নতি।

চতুর্থ প্রেসক্রিপশন (১৭-০২-২০২৪)

ওষুধ: Placebo

পর্যবেক্ষণ:

পঞ্চম প্রেসক্রিপশন (২৭-০২-২০২৪)

ওষুধ: Placebo

ফলোআপ : রোগীর অবস্থা স্থিতিশীল।

ষষ্ঠ প্রেসক্রিপশন (১০-০৩-২০২৪)

ওষুধ: Thuja 10M

পর্যবেক্ষণ**:** উচ্চশক্তির ডোজ; পাথরের আকার ছোট হতে শুরু করেছে।

সপ্তম প্রেসক্রিপশন (২৯-০৩-২০২৪)

ওষুধ: Placebo

পর্যবেক্ষণ**:** ধীরে ধীরে উন্নতি অব্যাহত।

অষ্টম প্রেসক্রিপশন (১৪-০৪-২০২৪)

পর্যবেক্ষণ**:** পাথর সম্পূর্ণ বের হয়ে গেছে; রোগী সম্পূর্ণ সুস্থ।

ফলোআপ ও ফলাফল (Follow-Up & Outcome)

- 25-11-2023: Ultrasound – 0.9 cm stone
- 10-03-2024: Ultrasound – 0.5 cm stone
- 14-04-2024: পাথর সম্পূর্ণভাবে বের হয়ে গেছে
- প্রসাবের জ্বালা ও বাধা কমেছে
- মানসিক অস্থিরতা এবং সন্দেহজনিত মনোভাব উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে
- রোগী স্বাভাবিক জীবনযাত্রায় ফিরে এসেছে

উপসংহার:

থুজার উচ্চশক্তি ও পর্যবেক্ষণমূলক প্লাসিবো প্রয়োগের মাধ্যমে ureteric stone ও হাইড্রোনেফ্রোসিসের ক্ষেত্রে কার্যকর ফলাফল পাওয়া গিয়েছে। রোগীর মানসিক ও শারীরিক লক্ষণ মিলিয়ে চিকিৎসা সফল হয়েছে।

অতিরিক্ত মানসিক চাপ, বুকজ্বালা ও অনিদ্রার ক্ষেত্রে আর্জেন্টাম নাইট্রিকামের সফল প্রয়োগ

ডা. মো. আল আমিন মৃধা

কেস রিপোর্ট

১. রোগীর তথ্য

- **নাম:** কে. এ. এস. (গোপনীয়তার জন্য নাম প্রকাশ করা হলো না)
- **বয়স:** ৪৬ বছর
- **লিঙ্গ:** পুরুষ
- **পেশা:** ব্যাংক কর্মকর্তা
- **প্রথম ভিজিট:** ১০ অক্টোবর ২০২৩

প্রধান অভিযোগ: বিশেষত ডানদিকে, টনটনে ছুরি মারা ব্যথা। অম্ল/গ্যাস্ট্রিক

ও বুকজ্বালা, মানসিক অস্থিরতা ও অনিদ্রা।

বর্তমান রোগের ইতিহাস

রোগী প্রায় ৮ মাস ধরে তীব্র মাথাব্যথা, বুকজ্বালা ও মানসিক উত্তেজনায় ভুগছেন। সদ্য পদোন্নতির পর বাড়তি দায়িত্ব, বসের চাপ ও অফিসের জটিল পরিস্থিতিতে লক্ষণগুলো বাড়তে থাকে। মাথাব্যথা সাধারণত **সকাল ১০–১১ টায় শুরু হয়।** আলো, শব্দ ও কথাবার্তায় বিরক্তিভাব। বুকজ্বালা **উত্তেজনা/ চিন্তা/তিরস্কার** পেলে বাড়ে। গরম অনুভব ও অস্থিরতায় গলার বোতাম খুলে

ফেলে। রাতে ঘুম আসতে উল্লেখযোগ্যভাবে দেরি হয়। মাথায় অবিরাম চিন্তা, কাজের চাপ থাকে।

ধাতুগত, সাধারণ ও বিশেষ লক্ষণ

মানসিক (Mental Generals) সর্বাধিক গুরুত্বপূর্ণ লক্ষণসমুহ, অতিসংবেদনশীলতা, বিরক্তি। তীব্র তাড়াহুড়ো ভাব (Hurry)। কর্তৃত্বপরায়ণতা। কাজ নিয়ে অতিরিক্ত উদ্বেগ। ভুলত্রুটিতে রাগ। ট্রেন/ফ্লাইট মিস করার স্বপ্ন দেখেন, সময়মতো কাজ করতে না পারায় উদ্বেগ হয়।

দেহগত সাধারণ

চরম গরম অনুভূতি; ফ্যান ছাড়া থাকতে পারে না। অতি তৃষ্ণা, একসাথে অনেক পানি পান। ক্ষুধা স্বাভাবিক। ঝাল মশলাদার খাবারের প্রতি আগ্রহ বেশি কিন্তু পেটে গ্যাস বাড়ে। কোষ্ঠকাঠিন্য। ঘাম স্বাভাবিক। অনিদ্রা, দেরিতে ঘুম আসে।

পূর্ব ইতিহাস কলেজ জীবনে পরীক্ষার সময় মাইগ্রেনের ইতিহাস

পারিবারিক ইতিহাস পিতার হাইপারটেনশন, ডায়াবেটিস। মায়ের মাইগ্রেন।

কেস অ্যানালাইসিস : এই কেসে যেসব লক্ষণসমূহ প্রাধান্য পেয়েছে; তাড়াহুড়ো (Hurry); সামান্য বিরোধিতায় বিরক্তি; চরম গরম অনুভূতি; ডানদিকের মাথাব্যথা; মানসিক উত্তেজনায় গ্যাস্ট্রিক বৃদ্ধি; অতিরিক্ত উদ্বেগ ও নার্ভাসনেস। এসবই **Argentum Nitricum**-এর ক্লাসিক বৈশিষ্ট্য।

Argentum Nitricum fits best.

রেপার্টরাইজেশন (Repertorization Summary)

রুব্রিক(Rubrics)

MIND – HURRY, haste (Arg-n., Tarent.)

MIND – IRRITABILITY – contradiction from (Nux-v., Cham., Arg-n.)

HEAD – PAIN – Right side (Arg-n., Bell., Spig.)

GENERALS – HEAT – sensation of (Arg-n., Sulph.)

STOMACH – HEARTBURN (Arg-n., Iris, Nux-v.)

Argentum Nitricum সর্বোচ্চ মানে মিলে যায়।

প্রেসক্রিপশন (Prescription)

Argentum Nitricum 200C

১ ডোজ (২ গ্লোবিউল জলীয় মাধ্যমে)

১টি ফাইটাম

১৫ দিন পর ফলো-আপ

ফলো-আপ (Follow-up)

প্রথম ফলো-আপ (২৫ অক্টোবর ২০২৩)

মাথাব্যথা ৭০% কমেছে। বুকজ্বালা, গ্যাসের সমস্যা উল্লেখযোগ্য হ্রাস পেয়েছে। তাড়াহুড়ো ভাব কমেছে। ঘুম ভালো হয়।

ঔষধ রিপিট করিনি কেবল **Placebo**

দ্বিতীয় ফলো-আপ (১৫ নভেম্বর ২০২৩)

মাথাব্যথা, গ্যাস্ট্রিক, অনিদ্রা প্রায় সম্পূর্ণ নেই । কাজের চাপ সামলাতে পারছেন। মানসিক স্থিরতা ফিরে এসেছে

Placebo × ১ মাস

Lifestyle advice

আলোচনা (Discussion)

এই কেসে মেন্টাল জেনারেলসই ছিল ঔষধ নির্বাচনের মূল ভিত্তি। Hurry, irritability, anxiety-anticipation, heat, right-sidedness এগুলো মিলিয়ে Argentum Nitricum ই ছিল সর্বাধিক সদৃশ ঔষধ। একটি মাত্র সঠিক ঔষধই রোগীর Vital Force-কে পুনঃসামঞ্জস্য এনে দেয় —সঠিক রেমেডির একক প্রয়োগ রোগীর Vital Force কে পুনরায় সক্রিয় করে রোগীর যাবতীয় সমস্যার সমাধান ঘটিয়েছে, এটা Organon এর ক্লাসিক প্রমাণ।

উপসংহার (Conclusion)

এই কেসটি স্পষ্টত হয়েছে, মনস্তাত্ত্বিক চাপ ইন্ডিউসড সাইকোসোম্যাটিক সমস্যায় Argentum Nitricum অত্যন্ত কার্যকর। মেন্টাল জেনারেলস সঠিকভাবে মূল্যায়ন করলে ফলাফল নিশ্চিত। সূক্ষ্ম পর্যবেক্ষণ, কম ডোজ ও যথাযথ ফলোআপই সাফল্যের মূলে রয়েছে।

স্ট্রেস ও ওভারিয়ান সিস্টের হোমিওপ্যাথিক চিকিৎসায় সফল কনসেপশন ও নরমাল ডেলিভারি

ডা. আফরোজা কাঁকন

সারসংক্ষেপ

দীর্ঘ পাঁচ বছর ধরে সন্তান প্রত্যাশায় ব্যর্থতা, ওভারিয়ান সিস্ট, স্থূলতা, ফ্যাটি লিভার গ্রেড II, মানসিক সাপ্রেশন ও দাম্পত্য-সংকটে ভুগতে থাকা এক নারীর ক্ষেত্রে কনস্টিটিউশনাল হোমিওপ্যাথিক চিকিৎসায় চমৎকার ফল পাওয়া যায়। রোগী গভীর মনোকষ্ট, দাম্পত্য অসন্তোষ, অভ্যন্তরীণ রাগ ও হতাশার মধ্যে প্রথমে CPR 200 দিয়ে মেন্টাল সাপ্রেশন দূর করা হয়। পরবর্তীতে Sepia 1M তার হরমোনাল ভারসাম্য ঠিক করে এবং ওভারিয়ান সিস্ট সম্পূর্ণ নির্মূল হয়। এরপর Thyrodinum 30 ও Histaminum 200 দ্বারা গর্ভাবস্থায় সমস্যা নিয়ন্ত্রন করা হয়।সর্বশেষে Pulsatilla M2 ব্যবহার করা হয়। এটি একটি সফল হোমিওপ্যাথিক ম্যানেজমেন্টের বাস্তব উদাহরণ।

ভূমিকা

ওভারিয়ান সিস্ট, অ্যানোভুলেশন, স্থূলতা এবং দাম্পত্য মানসিক চাপ নারীর প্রজনন স্বাস্থ্যকে প্রভাবিত করে। হরমোনাল ভারসাম্য অনেক সময়ই মানসিক আঘাত, দুঃখ, অবদমন, সম্পর্কগত অস্থিরতা ও সাপ্রেসড ইমোশনের সাথে সরাসরি সম্পর্কযুক্ত। এই কেসটি তারই প্রমাণ।

কেস উপস্থাপনা

রোগীর পরিচয়

- বয়স: ২৯ বছর
- উচ্চতা: ৫’৩’’
- ওজন: ৯৬ কেজি
- বিবাহিত: ৬ বছর
- পূর্বে একটি সন্তান
- সমস্যা: পাঁচ বছর ধরে কনসেপশন ব্যর্থতা

প্রাথমিক রিপোর্টসমূহ: USG: Bulky uterus, Ovarian cyst

মানসিক ও আবেগিক লক্ষণ (Emotional State)

রোগীর সাথে গভীর আলাপচারিতায় উঠে আসে, বিয়ের পর থেকেই **অবিরাম মানসিক নির্যাতন।** পরিবারে “রাজকন্যা” → বিয়ের পর সম্পূর্ণ বিপরীত জীবন। স্বামীর কাছ থেকে **মানসিক সমর্থনের অভাব।** প্রচণ্ড কষ্ট হলেও মুখ ফুটে কিছু বলতে পারেন না। স্বামীর প্রতি ভালোবাসা আছে, কিন্তু তাকে দেখলেই মেজাজ খারাপ হয়। নিজের কাজ, রান্না–সবকিছু স্বামীর জন্য করে, কিন্তু appreciation নেই। Intercourse এ আংশিক অনাগ্রহ। রাগ, দুঃখ , হতাশা। ওজন বৃদ্ধি , হতাশা আরও বাড়ায়।

Generalities: ক্ষুধা স্বাভাবিক, ঘুম মাঝেমধ্যে ব্যাহত, পিরিয়ড ব্যথাযুক্ত, শারীরিক শক্তি কম, ওজন বাড়া অব্যাহত, Fatty liver Grade II, Triglycerides খুব বেশি

চিকিৎসাগত বিশ্লেষণ (Therapeutic Analysis)

১ম প্রেসক্রিপশন — CPR 200

কারণ (Keynotes): দীর্ঘমেয়াদি মানসিক অবদমন (Mental Supression), গভীর আবেগিক আঘাত, হতাশা ও কান্নাকাটি, দাম্পত্য সম্পর্কের বিষণ্ণতা।

ফলাফল: মন হালকা লাগা। মানসিক স্বস্তি ফিরতে থাকা। ঘুম ও ক্ষুধার উন্নতি।

পরবর্তী রিপোর্ট: Fatty Liver Grade II. Triglycerides খুব বেশি, মানসিক অবস্থায় উন্নতি অব্যাহত।

২য় প্রেসক্রিপশন — Sepia 1M

কারণ (Keynotes): স্বামীকে ভালোবাসলেও তাকে দেখলে বিরক্তি। Emotional indifference. Pelvic congestion. Hormonal imbalance. Intercourse aversion. Women with deep mental exhaustion.

ফলাফল: পরের মাসেই **ওভারিয়ান সিস্ট সম্পূর্ণ নির্মূল** (USG প্রমাণ), মনমেজাজ ভালো। এনার্জি বেড়ে যায়। রোগী প্রচণ্ড উৎসাহিত।

ওজন নিয়ন্ত্রণ : ৩ মাসে ১০ কেজি কমানো। পরের মাসে ২ কেজি। তারপর ৩ কেজি। শারীরিক ফিটনেস বেড়ে যায়।

গর্ভধারণ (Conception): চিকিৎসার ৩য় মাসে রোগী সম্পূর্ণ প্রাকৃতিকভাবে **কনসিভ করেন** গাইনী ডাক্তারও USG দেখে আশ্চর্য। **কোনো সিস্ট নেই।**

গর্ভাবস্থার ম্যানেজমেন্ট (Pregnancy Management)

Severe vomiting→ Thyrodinum ৩০ × ৪ ডোজ

ফল: বমি দ্রুত কমে

৬ মাসে প্রচণ্ড চুলকানি

→ Histaminum ২০০ × ২ ডোজ

ফল: চুলকানি প্রায় নেই

প্রসবকালীন চিকিৎসা (Delivery Phase)

Pulsatilla M2; প্রতি ১৫ মিনিটে ১ ডোজ

ব্যথা কন্টিনিউ হয় এবং সার্ভিক্স ওপেন হয়।

আলহামদুলিল্লাহ নরমাল ডেলিভারি। শিশুর ওজন: **৪ কেজি।** মায়ের ওজন: ১০৮ কেজি। মা ও শিশু দুজনেই সুস্থ।

আলোচনা (Discusssion)

এই কেসে মূল রোগ ছিল, Emotional suppression, Marital Suppression, Hormonal imbalance, Ovarian dysfunction, Obesity + metabolic disturbance.

উল্লেখ্য,হোমিওপ্যাথি এখানে শুধু সিস্টের সমস্যারই সমাধান করেনি শুধু পুরো **মানসিক শারীরিক হরমোন** ঠিক করে দিয়েছে। এটি classical constitutional homeopathy এর একটি উজ্জ্বল উদাহরণ।

উপসংহার (Conclusion)

এই কেস প্রমাণ করে, হোমিওপ্যাথি শুধুমাত্র সিস্ট বা ইনফার্টিলিটি চিকিৎসা নয়। মানসিক আঘাত, হরমোনাল ব্যালেন্স শারীরিক ফিটনেস উন্নত করতে সক্ষম কর। সঠিক সিমিলিমাম ,সঠিক সময় এক অভাবনীয় ফলাফল এনে দিতে পারে।এ কেস তারই প্রমান। হোমিওপ্যাথিক চিকিৎসার এটি একটি সফল ক্লিনিক্যাল প্রমান।

মেনোপজ–পরবর্তী মানসিক ও শারীরিক সমস্যার সমন্বিত হোমিওপ্যাথিক ব্যবস্থাপনা

ডা. শাহনাজ পারভিন

কেস বিবরণ

রোগিনী: মনোয়ারা, বয়স ৪৭ বছর, গৃহিণী।

চরিত্র: কালো, লম্বা, পরিশ্রমী (২৫ বছর সেলাই পেশা)।

পারিবারিক তথ্য: ২ মেয়ে, ১ ছেলে; স্বামী কাস্টমস অফিসে চাকরি করেন।

প্রধান অভিযোগসমূহ

- **প্রস্রাব ধরে রাখতে না পারা**—২০ বছর ধরে স্ট্রেস ইনকন্টিনেন্স। কাশি, হাঁচি, হাসি, হাঁটলে প্রস্রাব পড়ে যায়।
- **মাথাব্যথা**—ঘুম থেকে উঠলে শুরু। বমি হলে আরাম হবে মনে হয়, কিন্তু বমি হয় না।
    - ব্যথা কপাল → মাথার তালু → ঘাড়ে নেমে তীব্র হয়। অনুভূতি: "মাথার ভিতরের সব কিছু বের হয়ে যাবে।" সিঁড়ি দিয়ে উঠলে ব্যথা বাড়ে, নামলে কমে। টাফনিল ছাড়া আরাম পান না।

- **ঘুমের সমস্যা**—রাতে ঘুমালেই শরীর অবশ হয়ে আসে অনুভুতি।
- অতিরিক্ত পিপাসা, অতিরিক্ত ঘাম।

- **খাবারের পছন্দ**—ঝাল, আইসক্রিম; লবণ অত্যাধিক পছন্দ; মিষ্টি অপছন্দ।
- **গরমে প্রচণ্ড জ্বালা**—হাত–পায়ের তালু জ্বলে; ঠান্ডা পানি ও ফ্যান আরাম দেয়।
- **ভুলে যাওয়ার প্রবণতা**—ঘরে গিয়ে ভুলে যায় কেন গিয়েছে।
- চুল কমে যাওয়া
- **ঘুম** – কম **।**স্বপ্নে দেখে কেউ ঘরে ঢোকে বা তাকিয়ে থাকে।

মানসিক উপসর্গ:

- ভয়—অন্ধকার, চোর–ডাকাত, কেউ পেছনে অনুসরণ করছে এমন অনুভূতি।
- সন্দেহপ্রবণ—স্বামীসহ চারপাশের মানুষ তাকে নিয়ে কথা বলে মনে হয়।
- অভিমানী, রাগ হলে ভাংচুর করে।
- কথা বেশি বলে, একা থাকতে পারে না।
- লাভ ছাড়া কথা বলে না (গৃহস্থালি-নির্ভর মানসিকতা ঝোঁক)।
- পারিবারিক ইতিহাস: বাবা ও ফুফুর মানসিক সমস্যা → রোগীর ভয় "আমি পাগল হয়ে যাব।"
- মেয়ের বিয়ের ঘটনায় মানসিক ট্রমা।

শারীরিক পরীক্ষা ও সামগ্রিক অবস্থা:

- থাইরয়েড সমস্যা (PG হাসপাতালে নিয়মিত ফলো-আপ)।

- হঠাৎ স্থূলতা বৃদ্ধি।
- গলার বাম পাশে আঁচিল—টানলে বাড়ে।
- মল স্বাভাবিক।
- গরমে জ্বালা বৃদ্ধি (clearly heat aggravation)।

বিশ্লেষণ

রুব্রিক :

1. Urine → involuntary → coughing, laughing, walking
2. Head → bursting pain → forehead → extending to occiput/neck
3. Fear → being followed; fear of darkness; fear of insanity
4. Delusion → people talking about her; suspicious
5. Obstinacy; anger with violence; weeping from slight causes
6. Thirst increased; desire for salt; aversion to sweets
7. Heat aggravates; burning of hands and feet
8. Dreams of thieves or people entering house

মায়াজমিক বিশ্লেষণ: সাইকোটিক প্রবণতা: লবণ আকর্ষণ, আঁচিল, সন্দেহ, প্রস্রাব ধরে রাখতে না পারা। **টিউবারকুলার নোট:** গরমে জ্বালা, অসহিষ্ণুতা,

ভয়–উৎকণ্ঠা, restlessness।

ডিফারেনশিয়াল রেমেডি:

- **Natrum muriaticum** – লবণ প্রীতি, অভিমান, মানসিক কষ্ট চেপে রাখা, মাথাব্যথার ধরণ।
- **Medorrhinum** – ভয়, সন্দেহ, গরমে কষ্ট, ইনকন্টিনেন্স।
- **Kali phos** – মানসিক ক্লান্তি, ভুলে যাওয়া।
- **Baryta mur / Graphites** – বিবেচনায় থাকলেও রোগীর সম্পূর্ণ চিত্র Nat-m / Medo / Tuberculinum .

রুব্রিক নির্বাচন (Rubrics Selection)

- Head → Pain → bursting → forehead → extending backward
- Urine → Involuntary → coughing, sneezing
- Mind → Fear → dark; fear of insanity; fear of being pursued
- Mind → Suspicious; Jealous
- Mind → Talks much
- Mind → Weeping easily
- Extremities → Burning of soles
- Thirst → Increased
- Desires → Salt; spicy food

প্রেসক্রিপশন ও ফলো-আপ (Prescription & Follow-up) :

প্রথম প্রেসক্রিপশন (৮/৯/২২)

T.O 10M, N.M 10M, K.P 6X।

ফলোআপ **(উন্নতি) ১৯/৯/২২**

হাঁটলে আর প্রস্রাব পড়ে না। কাশি–হাসিতে এখনো পড়ে, কিন্তু কম। মাথার প্রতিদিনকার heaviness নেই।

- **Rx: B.M 50,000, K.P 6X**

১১/১০/২২ (উন্নতি অব্যাহত) : কাশিতে ৩ বারের মধ্যে একবার প্রস্রাব পড়ে। ভুলে যাওয়ার প্রবণতা রয়েছে।

Rx: Med 10M, B.M 50,000

২/১১/২২ (রিল্যাপ্স – মাথাব্যথা বাড়ে) : সন্ধ্যার পর ব্যথা বৃদ্ধি।

Rx: Syphilinum CM, Ruta 1M, N.M 50M

মাথাব্যথা হালকা। প্রস্রাব পড়া কম।**(২৭/১১/২২)**

Rx: N.M CM, C.P 6X, K.P 6X

পুরোনো উপসর্গ ফিরে আসে **(১৬/২/২৪)**

এক মাস আগে থেকে relapse।

Rx: Tuberculinum 10M

তেমন কোনো উপসর্গ নেই। বর্তমানে মেয়ে’র কাছে **আমেরিকায়** অবস্থান, স্থিতিশীল।(**২০২৫ আগস্ট)**

আলোচনা

এই কেসটি মানসিক–শারীরিক উপসর্গের সমন্বয়ে গঠিত। Natrum muriaticum রোগীর অভ্যন্তরীণ কষ্ট, অভিমান, ভুলে যাওয়া ও মাথাব্যথার উপর উল্লেখযোগ্য কাজ করেছে। Medorrhinum তার ভয়, সন্দেহ, ইনকন্টিনেন্স ও উষ্ণতার অসহিষ্ণুতা কমাতে সাহায্য করেছে। রিল্যাপ্স চলাকালে Syphilinum ও Tuberculinum গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে, যা মায়াজমিক লেয়ারের পরিষ্কার প্রতিফলন।

দীর্ঘ ২০ বছরের ইনকন্টিনেন্স থেকে ধীরে ধীরে সুস্থতার অগ্রগতি কনস্টিটিউশনাল চিকিৎসার সফলতা নির্দেশ করে। রোগিনীর মানসিক ক্ষেত্রে সন্দেহ, ভয়, অন্ধকারভীতি ক্রমশ হ্রাস পাওয়া তার মানসিক উন্নতির একটি সফল চিত্র।

টাইফয়েডে হোমিওপ্যাথিক সমাধান

ডা. মোছাঃ পরী বানু

পরিচিতি

- **রোগীর নাম:** উল্লিখিত নয়
- **বয়স:** অজানা, বার্ধক্যজনিত
- **লিঙ্গ:** নারী ।

প্রাথমিক অবস্থার বর্ণনা: রুমে থাকা আলো বা বড় জানালা গন্ধ কমাতে কার্যকর হয়নি। পায়খানা ও প্রস্রাব করতে সকাল ও সন্ধ্যায় জোর করে নেয়া হতো। খাবারের প্রতি অনীহা। চোখ মাতাল, শক্তিহীন। কোনদিন স্বতঃস্ফূর্তভাবে খেত না; সবকিছু জোর করে খাওয়ানো হতো।

চিকিৎসা ও ব্যবহৃত ওষুধ: ব্যাপ্টিসিয়া ২০০; প্রথম দিনে এক ডোজ, পরবর্তীতে এক সপ্তাহ ধরে পর্যবেক্ষণ। জ্বর এক ডিগ্রি করে কমেছে (প্রায় ১০১°F থেকে ১০০°F)। চিকিৎসা চলাকালীন রোগী ভয়ে ভয়ে খাওয়া বা ওষুধ গ্রহণ করছিল।

ফলো-আপ ও পর্যবেক্ষণ:

এক সপ্তাহের মধ্যে রোগী নিজে খাওয়া শুরু করে (ছেলেকে ভাত খাওয়ানোর জন্য অনুরোধ করে)। ২২তম দিনে আঙ্গুল ব্যবহার করে ভাত মুখে দিতে সক্ষম হয়েছিল। মানসিক ও শারীরিকভাবে ধীরে ধীরে সুস্থতা ফিরে পেতে শুরু করেছে। রোগীর সচেতনতা বৃদ্ধি পায় এবং তিনি নিজেই হালকা কাজ ও খাওয়ায় অংশ নিতে সক্ষম হন। বাড়ি থেকে রিকশা নিয়ে হোমিও ডাক্তারের

চেম্বারে আসা পর্যন্ত নিজস্ব উদ্যোগ দেখা যায়

আলোচনা

রোগীর শারীরিক দুর্বলতা ও জ্বরের সঙ্গে মানসিক চাপ ও অনীহা কমাতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। হোমিওপ্যাথিক ওষুধ ও ধারাবাহিক পরিচর্যায় রোগীর মানসিক ও শারীরিক ক্ষমতা বৃদ্ধি পেয়েছে। ব্যাপ্টিসিয়া ২০০-এর ব্যবহার প্রাথমিক পর্যায়ে জ্বর ও শক্তিহীনতা কমাতে সহায়ক হয়েছে।

উপসংহার

বার্ধক্যজনিত দুর্বলতা ও স্বতঃস্ফূর্ত খাদ্যগ্রহণে অনীহা সহ রোগীদের জন্য ধাপে ধাপে হোমিওপ্যাথিক ব্যবস্থাপনা, মানসিক সাপোর্ট এবং পরিচর্যা একত্রে ফলপ্রসূ সফলতা দিতে পারে।এই কেসে তাই উপস্থাপন করা হয়েছে।

কাশিতে কক্কাস ক্যাক্টাই এর সফল প্রয়োগ

ডা. সাব্বির হোসেন

কেস বিবরণ

রোগীর নাম: মিম

বয়স: ১৩ বছর

সমস্যার সময়কাল: প্রায় ২ সপ্তাহ

প্রধান অভিযোগ: গলা খুশখুশ, কাশি, বিশেষত সকালে বেশি, নাক দিয়ে পানি পড়া,
কাশি দিলে গলায় "চিলে যাওয়া" বা কেটে যাওয়ার মতো raw feeling।
ঘুম থেকে উঠলে কাশি বেড়ে যায়, দাঁত ব্রাশ করার সময় কাশি আরও বেড়ে যায়

উৎপত্তির ইতিহাস:
বৃষ্টিস্নাত ঠান্ডা পরিবেশে বাইরে ঘোরাঘুরির পর হালকা সর্দি → এরপর গলা খুশখুশ → ধীরে ধীরে কাশি বৃদ্ধি।

কেস বিশ্লেষণ
রোগীর সিম্পটমগুলো পর্যালোচনায় দেখা যায়—
সবচেয়ে উল্লেখযোগ্য ও বিরল উপসর্গটি হলো:

"দাঁত ব্রাশ করার সময় কাশি বেড়ে যায়।"

এটি খুবই বিশেষ, আকর্ষণীয় (striking) এবং বিরল (peculiar) modality।
এই উপসর্গটি সরাসরি Coccus Cacti–এর একটি Important keynote.
অন্যান্য সিম্পটমগুলো যেমন—

- নাক দিয়ে পানি পড়া সহ কাশি
- কাশির সময় গলায় rawness
- ঘুম থেকে উঠে কাশি বাড়া, এগুলোও Coccus Cacti কে ইন্ডিকেট করছে।

রুব্রিক

১. Nose; coryza; cough; with

২. Chest; pain; rawness; coughing; during

৩. Sleep; waking; cough, from

৪. Cough; brushing, cleaning teeth

→ Coccus Cacti এই রুব্রিকের প্রধান ওষুধ।

প্রেসক্রিপশন

Coccus Cacti 200
মোট তিন ডোজ, প্রতিদিন একডোজ করে। ১০দিন পর ফলোআপ দেয়া হয়।
ফলো-আপ

১০ দিন পরে:

রোগী জানায়, কাশি সম্পূর্ণ ভালো। গলায় আর খুশখুশ নেই। দাঁত ব্রাশ করার সময় কোনো কাশি হয় না। নাক দিয়ে পানি পড়া বন্ধ। ঘুম স্বাভাবিক। আর

কোনো ঔষধের প্রয়োজন হয়নি।

উপসংহার

এই কেসটিতে স্পষ্টত হল, **বিরল (Peculiar symptom)** একটি কেসে ওষুধ নির্বাচনে অনেক গুরুত্বপূর্ণ ভুমিকা রাখে। বিশেষ করে একিউট কেসে।

Alopecia Areata র কেসে ফসফরাসের সফল প্রয়োগ

ডা. মোঃ আবু বকর সিদ্দিক

সারসংক্ষেপ

একটি শিশুর, মুখে একাধিক আঁচিল ও Alopecia areata নিয়ে চিকিৎসা নিতে আসে। পূর্বে Pulsatilla দেওয়া হলেও তেমন উন্নতি ছিল না। পুনরায় কেস বিশ্লেষণে শিশুর প্রকৃত মানসিক শারীরিক স্বভাব প্রকাশ পায়। চঞ্চলতা, বুদ্ধিমত্তা, বজ্রপাতের ভয়, ঠান্ডা খাবারের তীব্র আকাঙ্ক্ষা এবং পিপাসা খুব কম। এই বৈশিষ্ট্যগুলো Phosphorus কে ইন্ডিকেট করে।
Phosphorus, 0/3 মাত্র ৫ দিন প্রয়োগে দ্রুত উন্নতি শুরু হয় এবং কয়েক মাসের ফলোআপে আঁচিল ও alopecia সম্পূর্ণ সেরে যায়।কেসটি ফসফরাসের কনস্টিটিউশনাল ব্যবহারের একটি উৎকৃষ্ট উদাহরণ।

রোগীর তথ্য (Patient Information)

- **নাম:** ইলমি
- **বয়স:** ৭+ বছর
- **লিঙ্গ:** মহিলা
- **ওজন:** ১৯ কেজি
- **গাত্রবর্ণ:** ফর্সা

প্রধান সমস্যা

১. মুখে ২–৩টি আঁচিল, সময়কাল প্রায় ১.৫ বছর। মাঝে মাঝে খোঁচা লাগলে রক্ত বের হয়। কখনো চালের মত শক্ত দানা বের হয়ে আসে। তেমন ব্যথা নেই।

২. মাথার তালুতে চুল পড়ে Alopecia Areata. পরিবারের ধারণা
“তেলাপোকা চুল খেয়ে ফেলে”
৩.শীতকাতর শিশু

প্রাথমিক পর্যবেক্ষণ: চেম্বারে এসে শিশু **চুপচাপ**, অতিরিক্ত শান্ত। রাগ খুব কম। সান্ত্বনায় ভালো থাকে। একা ও অন্ধকারে ভয়। খাবারে আগ্রহ: নোডুস, পাস্তা, তেলে ভাজা খাবার। পিপাসা খুব কম। ঝাল পছন্দ +++।
এই তথ্যের ভিত্তিতে প্রথমে Pulsatilla 200 (৩ ডোজ) নির্বাচন করা হয়।

প্রথম ফলোআপ (Follow-up 1) : শিশু ২ বার আসার পর। দৃশ্যমান উন্নতি কম। শিশুর মা বললেন “আগের থেকে একটু ভালো মনে হচ্ছে। কিন্তু এর উপসর্গ ও আচরণ Pulsatilla র সাথে পুরোপুরি সামঞ্জস্যপূর্ণ নয় প্রাথমিক তথ্য সঠিক ছিল না। নতুন করে কেস নেওয়া হয়।

দ্বিতীয়বার নেওয়া তথ্য
মানসিক লক্ষণ (Mind Symptoms) : অত্যন্ত **চঞ্চল**, hyperactive। **খুব বুদ্ধিমান**, পড়াশোনায় চমৎকার। দয়া মায়া প্রবল। বজ্রপাতের প্রবল ভয়, মাকে জড়িয়ে ধরে। স্নেহপ্রবণ, সংবেদনশীল।
সাধারণ লক্ষণ (General Symptoms) : ঠান্ডা খাবারের তীব্র ইচ্ছে। আইস্ক্রিম খুব পছন্দ। **কম পিপাসা। শীতকাতরতা।** খাদ্যাভ্যাসে বহিরাগত খাবারের প্রতি ঝোঁক। এই সকল উপসর্গ **Phosphorus** কে ইন্ডিকেট করে।

রুব্রিক (Rubrics)

Head; Alopecia areata

Face; Warts; bleeding
Mind; Fear; thunderstorm of
Mind; Restlessness; children in
Mind; Sensitive, sympathetic
General; Cold food; desire
General; Ice cream; desire
General; Thirstlessness

রেপার্টরাইজেশন ও বিশ্লেষণ

উপরের মানসিক ও সাধারণ লক্ষণ বিবেচনায় Phosphorus ই নির্বাচন করা হল।

Pulsatilla কেন কাজ করেনি?

Puls child সাধারণত **mild**, **clingy**, **timid**, কিন্তু বুদ্ধিমত্তা ও hyperactivity খাপ খায় না।

Phosphorus শিশু সাধারণত **চঞ্চল, বুদ্ধিমান, ভয়প্রবণ, cold food desire** সম্পূর্ণ মেলে।

প্রেসক্রিপশন (Prescription)

Phosphorus 0/3, ১ ডোজ করে ৫ দিন

ফলোআপ ও ফলাফল (Follow-Up & Outcome)

১৫ দিন পর: মুখের **আঁচিল প্রায় সব চলে গেছে।** Alopecia এর জায়গায় **নতুন চুল গজাতে শুরু।** ভয় উল্লেখযোগ্যভাবে কমেছে। শিশু আগের তুলনায় উদ্দীপ্ত, প্রাণবন্ত

৪ মাস পর: আঁচিল পুরোপুরি নেই। Alopecia area পুরোপুরি ভর্তি। শিশু শারীরিক-মানসিকভাবে সম্পূর্ণ সুস্থ। **Phosphorus 4/M** পর্যন্ত প্রয়োজন হয়েছে, এর বেশি নয়
শিশুর মা বিস্মিত “এত দ্রুত কি করে সম্ভব?” এটাই গভীর acting constitutional remedy র শক্তি।

উপসংহার

Phosphorus একটি অত্যন্ত গভীর কার্যক্ষম কনস্টিটিউশনাল রেমেডি। বিশেষত সংবেদনশীল, বুদ্ধিমান, ভয়প্রবণ, বিশেষত cold food desire থাকা শিশুদের জন্য।

সহবাসোত্তর পেলভিক ব্যথা: হোমিওপ্যাথিক কেস রিপোর্ট

ডা. শরাবান তহুরা

রোগীর তথ্য

- **নাম:** শাহেদা আক্তার
- **বয়স:** ৩১ বছর
- **বৈবাহিক অবস্থা:** বিবাহিত, দুই কন্যা (১১ ও ৭ বছর)
- **পেশা:** গৃহিণী; স্বামী প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টির ডিরেক্টর।

প্রধান অভিযোগ সহবাসের পর তীব্র পেলভিক ব্যথা, সারাদিন ও সারারাত স্থায়ী। এলোপ্যাথিক চিকিৎসায় উপশম হয়নি। offensive leucorrhea, পচা মাছের মতো গন্ধ।

পর্ববর্তী ইতিহাস: তিনটি abortion (দুইটি ১৪ সপ্তাহে)। শেষ abortion জুলাই ২০২৪। Bulky uterus diagnosed; এলোপ্যাথিক চিকিৎসা। ফেব্রুয়ারি ২০২৫ থেকে সহবাসোত্তর পেলভিক ব্যথা।

মানসিক ও মানসিক গতিশীলতা

- রোগী বারবার বলছেন: "আমি কন্সিভ করতে পারি না; বাচ্চাকে ধরে রাখতে পারি না।"
- Self-image conflict: "আমি সফলভাবে motherhood সম্পন্ন করতে পারি না।"
- Partner-pleasing tendency এবং sexual insecurity।

- Emotional root: fear of failure in motherhood, repeated abortion trauma

Mental / Emotional Rubrics

- Anxiety; conception, regarding inability
- Fear; miscarriage, threatened
- Desire; children, specific (male)
- Self-image; failure, maternal inadequacy
- Mind; depression, apprehensive, repeated abortion history

Physical / General Rubrics

- Pain; coition, after
- Female; Leucorrhea; offensive; foul, putrid
- Female; Coition; aversion to; dryness from
- Female; Abortion, miscarriage; threatening

Relational / Psychosomatic Rubrics

- Sexual insecurity; fear of inadequacy
- Partner-pleasing / domination conflict
- Psychosomatic manifestation of emotional conflict: uterine/pelvic pain

রেপার্টরাইজেশন (Repertorial Analysis)

- **Sepia:** repeated abortion, post-coital pelvic pain, offensive leucorrhea, sexual indifference, mental-emotional conflicts।
- **Kreosotum:** offensive leucorrhea, putrid odor; mental mismatch।
- **Lycopodium:** partner-pleasing tendency; insufficient uterine action।

নির্ধারিত রেমেডি: Sepia 200, single dose

ফলোআপ ও প্রেসক্রিপশন (Prescription & Follow-Up)

Sepia 200 — একমাত্র মাত্রা। Placebo ১৫ দিনের জন্য।

Supportive: Kali Phos 6X (offensive leucorrhea ও anxiety control)।

ফলোআপ: ২০ দিনের মধ্যে: পেলভিক ব্যথা একবারও হয়নি; offensive leucorrhea কিছুটা থেকে যায়। ১.৫ মাস পরে: পুরোপুরি সুস্থ; মানসিকভাবে স্থিতিশীল; offensive leucorrhea নিয়ন্ত্রণে।

পরামর্শ: pelvic hygiene বজায় রাখা; মাসিক পর্যবেক্ষণ; প্রয়োজন হলে পুনরায় ফলোআপ।

উপসংহার (Conclusion)

Repeated abortion এবং মানসিক চাপজনিত সহবাসোত্তর পেলভিক ব্যথাতে **Sepia 200** অত্যন্ত কার্যকর। Mental, emotional, relational এবং psychosomatic rubrics–এর বিশ্লেষণ রোগীর সমস্যার গভীর মূল উদ্ভব চিহ্নিত করতে গুরুত্বপূর্ণ।

মুখের ক্যান্সারের একটি সফল কেস

ডা. খন্দকার মুমিনুল ইসলাম

কেস উপকরণ

রোগীর তথ্য

- **নাম:** আফরোজা আক্তার (ছদ্মনাম)
- **বয়স:** ৫৫ বছর
- **লিঙ্গ:** নারী

মূল অভিযোগ: দীর্ঘদিন ধরে মুখে ঘা, তীব্র জ্বালা ও ব্যথা, খাবার খেতে কষ্ট, আশপাশে সাদা হয়ে যাচ্ছে এবং ধীরে ধীরে ছড়িয়ে পড়ছে.

চিকিৎসার পূর্ব ইতিহাস: প্রথমে সাধারণ এলোপ্যাথিক ওষুধ দেয়া হয়। পরে অ্যান্টিবায়োটিক। সাময়িক উন্নতি হলেও পুনরায় খারাপ হয়ে যায়। গালের ভেতরের একটি অংশ কেটে বায়োপসি করা হয়। বায়োপসিতে ক্যান্সার ধরা পড়েনি । তারপরও ক্ষত কোনোভাবেই ভরছিল না।

পারিবারিক ইতিহাস: ভাইদের মধ্যে টিবি (TB)। মামাদের মধ্যে ক্যান্সারের ইতিহাস আছে।

মানসিক লক্ষণ: গভীর ও দীর্ঘদিনের শোক। স্বামী ২৫ বছর আগে ব্লাড ক্যান্সারে মারা গেছেন। বড় মেয়ে ঘুমের মধ্যে ব্রেইন স্ট্রোকে মারা গিয়েছে। শোক প্রকাশ করে না—সব দুঃখ মনে জমা রাখেন। নিঃসঙ্গ, শান্ত, অন্তর্মুখী।
সাধারণ লক্ষণ: গরম সহ্য করতে পারে না, ঠান্ডা ভালো লাগে। ঘামলে আরাম পায়। খাদ্যাভ্যাস: অত্যধিক লবণ ছাড়া খাবার খেতে পারে না। সব ধরনের তিতা খাবার পছন্দ করে।

রুব্রিক

Mind – Grief – silent, unexpressed
Mouth – Ulcers – burning pain
Mouth – Ulcers – chronic – non-healing
Generalities – Heat – aggravation
Food – Salt – desire
Food – Bitter – desire
Miasm – Cancer & Tubercular tendency

সম্ভাব্য ওষুধ: Natrum Muriaticum
ইন্টারকারেন্ট: Carcinosinum

প্রেসক্রিপশন ও ফলো-আপ

প্রথম প্রেসক্রিপশন: Natrum Muriaticum 0/8। **সময়কাল:** এক মাস

ফলো-আপ (১ মাস পরে)

ফলাফল: ৮০% উন্নতি হয়েছে। জ্বালা কমেছে । ঘা ছোট হয়েছে। খাবার খেতে পারছেন। এক পর্যায়ে এসে উন্নতি থেমে যায় (plateau)।
দ্বিতীয় প্রেসক্রিপশন: Carcinosinum 1M। **মাত্রা:** পরপর দুইদিন দুই ডোজ।
তৃতীয় প্রেসক্রিপশন: Natrum Muriaticum 10M। **মাত্রা:** ১ মাসে ৫ ডোজ।
চূড়ান্ত ফলাফল: আলহামদুলিল্লাহ রোগী সম্পূর্ণ সুস্থ হয়ে যান। সব জ্বালা, ঘা, সাদা দাগ সম্পূর্ণ মিলিয়ে যায়। স্বাভাবিকভাবে খাবার খেতে পারেন। ৬ মাস ধরে রোগটি আর ফিরে আসেন।

আলোচনা
এই কেসটিতে স্পষ্টভাবে দেখায় যে, গভীর মানসিক আঘাত ও লুকানো শোক প্রায়ই শারীরিক অসুস্থতার মূল কারণ হয়ে দাঁড়ায়। Natrum Muriaticum রোগীর কনস্টিটিউশন ও মানসিক লক্ষণের সাথে সম্পূর্ণ মিলেছে বলেই দ্রুত উন্নতি সম্ভব হয়েছে। তবে ক্যান্সার ও টিবি—দুই ধরনের মায়াজমের পারিবারিক ইতিহাস থাকার কারণে একটি মিয়াজম্যাটিক ব্লক তৈরি হয়েছিল। Carcinosinum সেই ব্লক সরিয়ে দেয়। এরপর Natrum Muriaticum 10M সম্পূর্ণ আরোগ্য ঘটায়।

Irritable Bowel Syndrome: অ্যান্টিসিপেটরি অ্যাংজাইটি নির্ভর ডায়রিয়ার একটি সফল কেস।

ডা. মতিউর রহমান মিয়াজী

মূলশব্দ

ইরিটেবল বাওয়েল সিন্ড্রোম, ভয়-উদ্বেগ, উত্তেজনা/আনন্দ/উদ্বেগে ডায়রিয়া অল্টারনেট কোষ্ঠকাঠিন্য ।

ভূমিকা

আইবিএস একটি বহু উপসর্গবিশিষ্ট ফাংশনাল গ্যাস্ট্রো-ইনটেস্টাইনাল ডিসঅর্ডার। যেখানে মানসিক ও শারীরিক একত্রে কাজ করে। অনেক রোগীর ক্ষেত্রে মানসিক চাপ, অ্যান্টিসিপেশন, ব্যর্থতার ভয় বা সামাজিক ভয় ডায়রিয়ার তীব্র কারণ হয়ে দাঁড়ায়।

কেস বিবরণ

রোগীর নাম: মাহবুব রহমান

বয়স: ৩৮ বছর

পেশা: ব্যাংকার

অভিযোগের স্থায়িত্ব: প্রায় ৪ বছর

১) পেট ব্যথা - নাভির চারপাশে চাপধরা ও মোচড়ানো অনুভূতি। সকালে ঘুম ভাঙামাত্র ব্যথা তীব্র। নড়াচড়ায় ব্যথা কমে, স্থির বসে থাকলে বাড়ে। অফিস যাওয়ার তাড়াহুড়োয় ব্যথা বাড়ে।

২) মলত্যাগের অস্বাভাবিকতা- একদিন পাতলা ডায়রিয়া → অন্যদিন শক্ত মল। মিটিং বা চাপের মুহূর্তে । দিনে ৩–৪ বার পাতলা মল → পরে দুর্বলতা। হঠাৎ ডায়রিয়া। স্ট্রেস ইনডিউসড ডায়রিয়া প্রধান বৈশিষ্ট্য।

৩) মানসিক উপসর্গ- ভবিষ্যৎ নিয়ে অতিরিক্ত দুশ্চিন্তা। ভুল হলে আত্মভৎসর্না। সিনিয়রদের সামনে নার্ভাস । পরিপূর্ণতার প্রবণতা (Perfectionism)। অভ্যন্তরীণ অস্থিরতা

৪) সাধারণ বৈশিষ্ট্য- গরমে অস্থিরতা। চা খেলে পেটের সমস্যা বাড়ে। ভোরে ঘুম ভেঙে যায়। স্টুলের পর দুর্বলতা।

Mind

- Anxiety → anticipation from
- Fear → failure, of
- Sensitive → criticism to
- Restlessness → internal

Stomach / Abdomen

- Stomach → Pain → morning on waking
- Abdomen → Pain → cramping, colicky

- Abdomen → Flatulence → after eating

Rectum / Stool

- Diarrhoea → excitement, from
- Constipation alternating with diarrhoea

Generals

- Heat → aggravates
- Food → tea → agg
- Weakness → after stool

রুব্রিক বিশ্লেষণ

রুব্রিক অনুযায়ী যে রেমেডিগুলো সামনে আসে:

- **Argentum Nitricum**
- **Nux Vomica**
- **Lycopodium**
- **Arsenicum Album**

রেমেডি নির্বাচন

- **Argentum Nitricum নির্বাচনের প্রধান কারণ...**
  Anticipation anxiety → ডায়রিয়া (মূল keynote).
  সকালবেলা ব্যথা তীব্র হওয়া। সামাজিক পরিবেশে ভয়। ভুলের প্রতি অতিরিক্ত সংবেদনশীলতা। গরমে অস্থিরতা। অফিসের চাপ → তাত্ক্ষণিক মলত্যাগের অনুভূতি

নির্বাচিত রেমেডি: Argentum Nitricum ২০০ (৩ ডোজ)

ফলো-আপ

১ম ফলো-আপ (২ সপ্তাহ পরে) : সকালবেলার ব্যথা ৪০% কম। স্ট্রেস-ইনডিউসড ডায়রিয়া শুধু ১ বার। ঘুম ভালো। ভয় ও টেনশন কিছুটা কম

ব্যবস্থাপত্র: নতুন ওষুধ নয়। Placebo × ১৪ দিন

২য় ফলো-আপ (৪ সপ্তাহ পরে) : ব্যথা নিয়ন্ত্রণযোগ্য। ডায়রিয়া ৭৫% কম। অফিস-প্রেজেন্টেশনে ভয় নেই। গ্যাস ৩০–৪০% কমেছে

ব্যবস্থাপত্র: Argentum Nitricum 10M (প্রয়োজন হলে)। চা ও মিষ্টি বন্ধ রাখা

৩য় ফলো-আপ (১০ সপ্তাহ পরে): সামগ্রিক উন্নতি ৮০%। স্ট্রেস ট্রিগার প্রায় নেই। রোগী আত্মবিশ্বাসী

জীবনযাপন স্বাভাবিক

শেষ ফলো-আপ (৪ মাস পরে) :Argentum Nitricum উল্লেখযোগ্য কাজ করলেও সম্পূর্ণ আরোগ্য হয়নি।

আইবিএস রোগীদের ক্ষেত্রে কখনো কখনো সেকেন্ডারি রেমেডি প্রয়োজন হয়। এই কারণে—

Dysentery Compound ২০০ → এক ডোজ

ফলাফল: রোগী সম্পূর্ণ সুস্থ। ডায়রিয়া নেই। স্ট্রেস-ইনডিউসড মলত্যাগ নেই। পেট ব্যথা ও গ্যাস নেই।

আলোচনা (Discussion)

এই কেসে মানসিক অ্যান্টিসিপেশন ডায়রিয়ার প্রধান ট্রিগার হিসেবে কাজ করছিল। Argentum Nitricum–এর অন্যতম কীনোট হলো "anticipation diarrhoea" যা রোগীর উপসর্গের সাথে নিখুঁতভাবে মিলে যায়। রেমেডিটি রোগীর মানসিক ভয়, অস্থিরতা ও পেটের মাসকুলার স্পাজম দুই-ই কমিয়েছে। তবে কেসের শেষ পর্যায়ে stagnation দেখা দিলে Dysentery Compound উল্লেখযোগ্য ফল দেয়।যা অনেক আইবিএস কেসে সময়মতো প্রয়োগ করা প্রয়োজন হয়। এই কেস যৌথভাবে কনস্টিটিউশনাল ও সাপোর্টিভ পদ্ধতির সফল সমন্বয়।

প্রাইমারি ইনফার্টিলিটি ও ওভারিয়ান সিস্টে ক্যালকেরিয়া আয়োডের সফল প্রয়োগ

ডা. সাঈদ আহদ

রোগীর তথ্য (Patient Information)

- **নাম:** মিসেস নাজনীন (ছদ্মনাম)
- **বয়স:** ২১ বছর
- **উচ্চতা:** ৫'-৫"
- **ওজন:** ৬৩ কেজি
- **বৈবাহিক অবস্থা:** বিবাহিত (প্রায় ২ বছর)

প্রধান অভিযোগ (Chief Complaints) : প্রাইমারি ইনফার্টিলিটি, অনিয়মিত মাসিক ঋতুস্রাব, ওভারিয়ান সিস্ট, গরম অসহ্য (Heat intolerance), পিপাসা কম, হাতের তালু ও পায়ের তলায় জ্বালা, অতিরিক্ত ঘাম, অনিদ্রা।

মানসিক ও মানসিক গতিশীলতা (Mental & Emotional History) : ভবিষ্যৎ নিয়ে উদ্বেগ, লোকজনের সাথে থাকা পছন্দ, রাগ বেশি, সান্ত্বনায় বৃদ্ধি, অন্ধকার, পোকা-মাকড়, ভূতের ভয়; রাতে একা টয়লেটে যেতে ভয় পায়, আগুন, বিপদ-আপদের স্বপ্ন দেখে।

রুব্রিক (Rubrics)

- Female; Infertility; primary

- Female; Menstruation; irregular
- Female; Ovarium; cyst
- General; Heat intolerance
- Thirst; decreased
- Extremities; hands/feet; burning
- Perspiration; profuse
- Sleep; insomnia
- Mind; Anxiety; future
- Mind; Fear; darkness/pests/ghosts
- Mind; Anger; consolation aggravation
- Mind; Sociability; desire for company

প্রথম প্রেসক্রিপশন (০২-০৮-২০২৫)
ওষুধ: Calcarea Iod 200 — ২ ডোজ (দুই সকাল পরপর)
Gossypium Q — ২০ ফোটা, দিনে দুইবার
নোট: প্রাথমিক কনস্টিটিউশনাল ওভারিয়ান সিস্ট, অতিরিক্ত ঘাম, ভয়, গরমকাতরতা, সব বিবেচনায় ওষুধ নির্বাচন।
দ্বিতীয় প্রেসক্রিপশন (০৭-০৯-২০২৫)
ওষুধ: —
নোট: মাসিক হয়েছে; হাত–পায়ের জ্বালা কমেছে; ঘুম স্বাভাবিক ও ভালো।
তৃতীয় প্রেসক্রিপশন (০৯-০৯-২০২৫)
ওষুধ: Placebo
নোট: পূর্ববর্তী ওষুধের ক্রিয়া চলমান; রোগীর পরিস্থিতি পর্যবেক্ষণ।

চতুর্থ প্রেসক্রিপশন (১০-১০-২০২৫)
ওষুধ: Natrum Muriaticum 10M (১ ডোজ)
নোট: রাগ, সান্ত্বনায় বিরক্তি, গরমকাতরতা, অতীত দুঃখ, এই মানসিক শারীরিক বিবেচনায় নির্বাচন করা হয়েছে।

পঞ্চম প্রেসক্রিপশন (০৪-১১-২০২৫)
ওষুধ: —
নোট: প্রেগনান্সি পজিটিভ; রোগিনী সুস্থ; ঋতুস্রাব নিয়মিত হয়েছে।

ফলোআপ ও ফলাফল (Follow-Up & Outcome) : ঋতুস্রাব নিয়মিত হওয়া শুরু হয়েছে এবং হাত-পায়ের জ্বালা কমে গেছে। উন্নতি হয়েছে। প্রেগনান্সি টেস্ট পজেটিভ (০৪-১১-২০২৫)। রোগী শারীরিক ও মানসিকভাবে স্বাভাবিক জীবনযাত্রায় ফিরে এসেছে। দীর্ঘ সময়ের সন্তান লাভের আকাঙ্ক্ষা পূরণ হয়েছে।

উপসংহার:
প্রাইমারি ইনফার্টিলিটি ও ওভারিয়ান সিস্টের ক্ষেত্রে ক্যালকেরিয়া আয়োড ও Natrum Mur যথাযথভাবে নির্বাচিত হলে সুস্থ ও সফলতা পাওয়া সম্ভব। ধারাবাহিক ফলোআপ, মানসিক ও শারীরিক লক্ষণ পর্যবেক্ষণ এবং প্রয়োজনমতো প্লাসিবো প্রয়োগ করা হয়েছে। সর্বোপরি চিকিৎসা সফল হয়েছে।

মাথার টিউমারের কেসে ক্যাল্কেরিয়া ফ্লোরের সফল প্রয়োগ

ডা. আবু বক্কর সিদ্দিক

রোগীর তথ্য

- **নাম:** সাবিনা
- **বয়স:** ২৮ বছর
- **বিবাহিত:** মধ্যবিত্ত পরিবারে বিয়ে
- **জন্ম ও পারিবারিক পরিবেশ:** মধ্যবিত্ত পরিবার

প্রধান অভিযোগ : মাথার স্ক্যাল্পে বাম পাশে হালকা শক্ত টিউমার। মানসিক চাপ, ভবিষ্যৎ নিয়ে উদ্বেগ। অনিশ্চিত পরিবারে থাকার কারণে উদ্বিগ্ন।

মানসিক ও মানসিক গতিশীলতা

- Anxiety about future & financial insecurity
- Fear of poverty, lack of control over life events
- Sensitive, responsible, structural integrity–এ মনোযোগ
- Emotionally restrained; নিজস্ব মানসিক শক্তি ধরে রাখার চেষ্টা

শারীরিক ও সাধারণ লক্ষণ

- Head; Tumors; scalp, left parietal
- General; Cold agg. (শীতে কষ্ট)
- Food; Sweets, Spices desire

রুব্রিক (Rubrics)

- Head; Tumors; scalp on
- General; Cold; agg.
- Mind; Anxiety; future about
- Mind; Fear; poverty of
- General; Food; sweets desire
- General; Food; spices desire

রেপার্টরাইজেশন (Repertorial Analysis)

- **Calcarea Fluorica**: primary remedy covering structural hard tumors, bone tissue, mineral deficiency, long-term slow growth of hard swellings.
- **Sepia**: animal remedy covering emotional stress, but structural concern কম।

- নির্ধারণের যুক্তি: Structural integrity এবং hard stony nature–এর কারণে Calcarea Fluorica উপযুক্ত।

প্রেসক্রিপশন (Prescription)

Calcarea Fluorica 200: ৪টি মাত্রা, ৪ দিনের মধ্যে। **Placebo 1M:** ২ মাস ধরে supportive। ফলোআপে: **Calcarea Fluorica 6X (biochemical form)** দিয়ে টিউমারের অবস্থা চেক

ফলোআপ ও ফলাফল (Follow-Up & Outcome)

৩০.০৬.২০২৫: টিউমার অনেকটাই কমে গেছে, হালকা অনুভূত। সেপ্টেম্বর ছুটিতে: রোগী জানায়, টিউমার পুরোপুরি মিলিয়ে গেছে। Placebo 1M দিয়ে সমাপ্তি ঘোষণা; আর ঔষধের প্রয়োজন নেই।

উপসংহার:

Calcarea Fluorica mineral remedy হিসেবে hard stony tumors, bone tissue abnormalities এবং structural integrity–এর জন্য অত্যন্ত কার্যকর। মানসিক ও শারীরিক সমন্বয় বিশ্লেষণের মাধ্যমে সফল ফলাফল নিশ্চিত হয়েছে।

রক্তপাতযুক্ত হেমোরয়েড: ব্যথাহীন তীব্র ব্লিডিংয়ের একটি কেস

ডা. রিজওয়ানা খাতুন

মূলশব্দ (Keywords)

উজ্জ্বল লাল রক্তপাত, ব্যথাহীন রক্তপাত, হঠাৎ রক্ত ক্ষরণ

কেস বিবরণ (Case details)

রোগী: পুরুষ,

বয়স ৬৩ বছর।

মূল অভিযোগ(Chief complaints): ৩–৪ দিন ধরে মলের সঙ্গে রক্তপাত।

উপসর্গসমূহ:

মলত্যাগের সময় উজ্জ্বল লাল (bright red) রক্তপাত। রক্তপাতের পরিমাণ বেশি। কোনো ব্যথা নেই, কোনো জ্বালাপোড়া নেই। মল স্বাভাবিক, নরম। টয়লেটে বসে সামান্য চাপ দিলেই রক্তপাত শুরু হয়। অন্য কোনো উপসর্গ নেই। রোগীর ইতিহাস, উপসর্গের ধরন ও রক্তের প্রকৃতি—সব মিলিয়ে ব্যথাহীন, উজ্জ্বল লাল রক্তপাত ছিল প্রধান গাইডিং পয়েন্ট।

কেস বিশ্লেষণ (Case Analysis)

হেমোরয়েডের বিভিন্ন রেমেডিতে ব্যথা, জ্বালা, চাপ বা ভারীভাব পাওয়া যায়। কিন্তু এখানে কোনো ব্যথা নেই, উজ্জ্বল লাল রক্ত, রক্তপাত বেশি, এই তিনটি

বৈশিষ্ট্য সরাসরি Millefolium-এর প্রধান লক্ষণ।

রুব্রিক(Rubrics)

- Rectum → Hemorrhage → painless
- Rectum → Bleeding → bright red
- Rectum → Hemorrhoids → bleeding freely

রোগীর ক্ষেত্রে অন্যকোনো মানসিক বা শারীরিক উপসর্গ না থাকায় ইন্ডিকেশন রেমেডি হিসাবে Millefolium কে নির্দেশ করে।

প্রেসক্রিপশন (Prescripton) : Millefolium, মোট ৩ ডোজ প্রদান।

ফলো-আপ: মাত্র তিন ডোজেই **আলহামদুলিল্লাহ সম্পূর্ণ রক্তপাত বন্ধ হয়** এবং রোগী সম্পূর্ণ সুস্থতা লাভ করে।

আলোচনা (Discussion)

Millefolium মূলত তাজা, উজ্জ্বল লাল রক্তপাতের ক্ষেত্রে বিশেষ কার্যকর। বিশেষ করে যখন ব্যথা নেই এবং রক্ত টকটকে লাল। সাধারণত ভেরিকোজ কন্ডিশন, ইন্টারনাল ও এক্সটারনাল হেমোরয়েড ,উভয় অবস্থায় এই রেমেডি উপকারী।উপরোল্লখিত কেসে ব্যথাহীন তীব্র রক্তপাত Millefolium-এর ক্লাসিক্যাল ইন্ডিকেশনকে নিখুঁতভাবে নির্দেশিত হল এবং কম সংখ্যক ডোজেই দ্রুত আরোগ্য লাভ হল।